# স্পর্শ

সম্পাদনা

ড. মানস কবি

আশুতোষ কলেজ

**স্পর্শ**

ড. মানস কবি সম্পাদিত

**SPARSHA**
Edited by
Dr. Manas Kabi

প্রথম প্রকাশ

২৩ ডিসেম্বর, ২০২৩

**ISBN:** 978-81-956797-6-8

**প্রকাশক**
প্রকাশনা বিভাগ,
আশুতোষ কলেজ,
৯২, এস . পি . মুখার্জী রোড, কলকাতা - ৭০০ ০২৬

**গ্রন্থস্বত্ব**
অধ্যক্ষ, আশুতোষ কলেজ

**প্রচ্ছদ**
সায়ন ব্যানার্জী

**মুদ্রণ**
এম. সমু

**মূল্য**
১৫০/-

# সূচিপত্র


Message from the GB President 5

Message from the Editor 6

Note from the Publication Cell 8

"স্পর্শ" কমিটির কার্যপ্রণালির সংক্ষিপ্ত প্রতিবেদন 9

Note from The Tea Club 11

A Note from the Archives & Documentation Cell 12

In Memoriam 13

Based on an Interview with Dr. Samarendra Bhattacharya 14

আশুতোষ কলেজের দিনগুলি 15

Interview of Hiren Mukherjee 17

স্মৃতির খেয়া 19

Looking Back 20

ফিরে দেখা 23

স্মৃতি ঘেরা দিনগুলি 27

আমার কলেজ – কিছু কথা 28

স্মৃতিকথা 29

As far as I recollect 37

আশুতোষ কলেজের সোনালী সেই দিনগুলি 40

যা মনে পড়ে তাই লিখি 43

Interview of Debdas Roy 49

আমার কাছে আশুতোষ কলেজ 51

আশুতোষ কলেজ : কিছু স্মৃতি 53

Those were the Days 56

Memories or an Unforgettable Dream? 67

আশুতোষ কলেজ 74



# Message from the GB President

It is my proud privilege to introduce a publication that is unlike anything else that has hitherto been published by Asutosh College. My association with this institution has been long one, first as a teacher in the department of Physics, and now as the President of its Governing Body. In the second capacity, I have penned many a message, but this is truly special. As the title Sparsha perhaps suggests, the contents of the book are of an informal nature.

The Sparsha unit is publishing this volume of reminiscences, chiefly by former members of faculty and a few by current, in collaboration with the Archives & Documentation Cell, and the Publication Cell. The unit is part of the Asutosh College Tea Club, of which I too had been a member prior to my retirement from service, and was formed to act as a kind of liaison between current and former members of faculty, to strengthen the bond with the institution even after retirement from service or joining another institution, to provide basic health services to retired teachers, especially during the pandemic and after. It is currently in the process of widening its reach and attempting to spread the warmth of its 'touch' to all students and members of the non-teaching staff of the college. A laudable effort, Sparsha is distinctive to our heritage-rich institution.

I congratulate Sparsha, the Tea Club, the Archives & Documentation Cell, and the Publication cells of the college for their collaborative venture and extend my sincere good wishes to all for the approaching new year.

Saugata Roy

Prof. Saugata Roy



# Message from the Editor

It is a privilege for me to present to you the inaugural issue crafted by the Sparsha Committee of Asutosh College. This book, a repository of the cherished memories and experiences of our distinguished faculty members, is a testament to the dedication and expertise of our professors, who have worked tirelessly to shape the minds of our students. This compilation will not only serve as a source of inspiration for our current faculty members but also as a valuable resource for future members of the teaching fraternity as it will help them carry the legacy of the institution into an envisioned future.

One of the unique features of our institution is the Sparsha (Touch) initiative. Conceived within the folds of the Tea Club in 2017, this unit has metamorphosed into an indispensable part of our college. The Tea Club, with its roots tracing back to the late 1980s, stands as a unique forum for informal interaction among the faculty members, nurturing camaraderie through tea and light refreshments within the congenial ambience of the staffroom. An annual gathering of the Tea Club, a cherished tradition organised on the last working day of the year, results in a reunion that begets memorable moments, enriched by cultural programmes and the sharing of collective experiences. In recognition of the enduring value our teachers bring to society, the Sparsha Committee was established to ensure the well-being of our faculty members post-retirement.

This inaugural book by the Sparsha Committee beautifully presents the reminiscences of our retired faculty members. Two articles have been penned by teachers currently in service, one of them an alumnus now teahing elsewhere. The committee has gone above and beyond, meticulously transcribing and translating audio-visual recordings of our retired professors, ensuring that the essence of these treasured memories is accessible to a broader audience. What makes this bilingual publication even more special is the inclusion of handwritten recollections by some professors, turning this into a laborious yet truly rewarding labour of love for our dedicated Sparsha Committee members. Their commitment to preserving and sharing the narratives that have shaped our college is evident in every page of this inaugural book.

Within the pages of this edition, you will find captivating articles in which our esteemed professors reflect upon and share their diverse and insightful experiences within the academic milieu of Asutosh College. These narratives offer a rich tapestry of personal recollections, shedding light on the multifaceted aspects of their tenures, contributions, and the dynamic evolution of our venerable institution. For instance, Professor Raikamal Dasgupta [English], with fondness and nostalgia, walks us through the early days of her joining the Asutosh College family in November 1981 when it was still an all-boys' college. Her recollections paint a colourful picture of the

evolving dynamics of our institution. Professor Subhas Chandra Mandal [History] regales us with vivid recollections of the of the annual Tea Club meeting, the college Foundation Day celebration, and the annual picnic organised by the then Teachers' Council Secretary.

Furthermore, the photo gallery in the last section of the book aims to provide a visual journey, offering a pictorial history of our campuses. Almost a century ago, Asutosh College was founded under the visionary leadership of Sir Asutosh Mukherjee, often referred to as the "Tiger of Bengal." His legacy continues to shine as Asutosh College stands among the most prestigious institutions in Kolkata. The main building, situated at 92, Syamaprasad Mukherjee Road, stands as a testament to our rich history, accommodating over 6000 students and serving as the hub for administrative work and academic activities. The Asutosh College Training Centre, constructed in 1991 at 10, Basanta Bose Road, plays a pivotal role in training students for job-screening examinations. The Centenary Building at 22, Kalighat Road, inaugurated in 2015, symbolises the college's commitment to academic excellence, housing several Postgraduate courses. Additionally, the Humanities Block at 16, Basanta Bose Road, renovated in the pre-centenary year, houses various Humanities Departments. Our second campus at Bhasha, near Joka on Diamond Harbour Road, spanning 11 acres, offers a serene, pollution-free environment. Equipped with modern facilities, it aims to accommodate new streams of professional disciplines, blending old and new traditions. The Asutosh College Research Centre, established in 2019 at 128/9, Hazra Road, facilitates interdisciplinary and social research for our faculty members and students. Each photo of our campuses encapsulates not just a moment frozen in time, but a testament to our enduring commitment to academic excellence and innovation.

As we unveil this first volume, I express my heartfelt gratitude to the Sparsha Committee for their tireless efforts in bringing these memories to life. Through this project, a collaborative effort between the Sparsha Committee and the Archives & Documentation Cell, we hope to preserve the legacy of our retired faculty members and ensure that their narratives continue to resonate with others in the broader teaching community. I am confident that this book, accompanied by the visual journey through our campuses, will provide a comprehensive glimpse into the vibrant history and evolution of Asutosh College. As you delve into the rich narratives within these pages, I invite you to bask in the warmth of shared memories and to appreciate the hard work that went into bringing this project to fruition. It is not just a book; it is a celebration of the profound connections that endure beyond the classroom, a tribute to the teachers who have left an indelible mark on our institution.

We hope this inaugural publication be the first of many chapters that bridge the past, present, and future of our beloved Asutosh College family.

Manas Kabi

Dr. Manas Kabi
Principal

# Note from the Publication Cell

We feel privileged to introduce our newest publication, a collaborative effort of the Sparsha unit of the Tea Club and the Archives and Documentation Cell of the college, in association with the Publication Cell.

A long-planned venture, this volume of recollections has been a labour of love for all who have been associated with it, either as contributors, interviewers, transcribers, or editors.

A college is not merely a building of brick and concrete, a campus not simply a location. The human beings who enter them, almost on a daily basis, for their academic programmes, or their livelihood, make them living entities. To all teachers who have contributed to this volume, as much as to the rest, Asutosh College had and has never been simply their workplace providing them with their bread and butter, but an environment that allowed them to blossom as distinct and unique personalities, where mutual interaction stretched beyond the working hours spent in classrooms and the staff room, where in times of personal crisis or private loss, they felt the healing presence of their colleagues, where memories were made, and continue to be made as the days go by.

This volume is only the first of many that we hope we can continue to compile in the coming years.

We take this opportunity to record our appreciation for all the effort that has gone into compiling this treasure-trove of reminiscences, mostly by retired teachers and a few by current members of faculty, making Sparsha unique, especially on grounds of its archival value alone. Many of the people referred to in these pages are no longer alive to see the publication of this book. They would have been, we are sure, delighted. Our heartfelt gratitude also to all former teachers who enthusiastically became part of this project and happily wrote about their days spent here, or gave interviews that were not set to any rigid pattern of questions, in keeping with the nature of reminiscence. The college administration deserves thanks for encouraging a project that has so much emotional value to so many of us.

We end with the hope that as you read the following pages, the past will become a living present.

**Joint Convenors**



**Dr. Chandramalli Sengupta**



**Dr. Sraboni Roy**



**Dr. Supatra Sen**



**Dr. Reema Roy**

# "স্পর্শ"

## "স্পর্শ" কমিটির কার্যপ্রণালির সংক্ষিপ্ত প্রতিবেদন

'সবার উপরে মানুষ সত্য তাহার উপরে নাই', আজকের দিনে জগতে মানুষের বিবেকচেতনা ও মানবিকতা বা humanity এর বড় অভাব। আমরা সবাই কেমন যেন আত্মকেন্দ্রিক হয়ে উঠেছি। আজ দিকে দিকে মানুষ স্বার্থপরতা, দুর্নিবার লোভ আর পরশ্রীকাতরতায় ভুগছে। সহানুভূতি কথাটা যেন পুরানো যুগের ডাইনোসরের মতো অবলুপ্ত। আপনি হয়ত কাছাকাছি বহু মানুষ পাবেন কিন্তু একটিও হৃদয় পাবেন না। এ যুগে হৃদয় বড় মহার্ঘ।

এই পারিপার্শ্বিক পরিবেশে আশুতোষ কলেজের পরিচালনায় আমরা কতিপয় অধ্যাপক ও অধ্যাপিকা "স্পর্শ" নামে একটি community project বা অন্তরঙ্গ আলাপ আলোচনার পরিকল্পনা গড়ে তুলেছি, যার প্রকৃত উদ্দেশ্য হল মানবতা বিতরণ বা সহানুভূতি প্রদান।

আমাদের যাঁরা অবসরপ্রাপ্ত অধ্যাপক ও অধ্যাপিকা আছেন, যাঁরা বয়সের ভারে আজ ন্যুব্জ, যাঁদেরকে আজ কেউ জানায় না অভিনন্দন, যাঁদের না আছে আদর সম্ভাষণ, যাঁরা মানুষের স্নেহ ভালোবাসা থেকে বঞ্চিত— যাঁরা যৌবনে একদা আনন্দের লহর বহিয়ে দিয়েছেন পৃথিবীর দিগদিগন্তে, আজ বার্ধক্যের সীমান্তে এসে কোথায় যেন হারিয়ে গেছে তাঁদের সেই জীবনের আনন্দ হাসি-গান, সেই প্রতাপ আর প্রাণপ্রাচুর্য। আজ স্তব্ধ হয়ে গেছে তাঁদের জীবনের ভাষা, হারিয়ে গেছে মনের হাসি। সেই সব অধ্যাপক ও অধ্যাপিকাদের মুখে আমরা আশা দিয়ে- ভাষা দিয়ে আর ভালোবাসা দিয়ে হাসি ফোটাতে চাই। সায়াহ্নের আকাশে যেমন মেঘে মেঘে রঙ লাগে, আমরা নতুন কথাবার্তা আলোচনার মাধ্যমে তাঁদের হৃদয় আকাশকে রাঙিয়ে দিতে চাই। মোট কথা তাঁদের জীবনকে আনন্দে ভরিয়ে রাখাই আমাদের এই community project - এর উদ্দেশ্য।

সেই উদ্দেশ্যকে সফল করার জন্যই "স্পর্শ" কমিটির সদস্যরা অবসরপ্রাপ্ত/প্রাপ্তা অধ্যাপক-অধ্যাপিকাদের বাড়িতে যান এবং তাঁদের সঙ্গে আলাপ আলোচনা ও কলেজের ইতিহাস সম্পর্কে কথাবার্তা বলেন। সেই সব বয়স্ক অধ্যাপকগণ তাঁদের অভিজ্ঞতার কথা আপন মনে বলেন, তা শুনতে শুনতে আমরা মুগ্ধ হয়ে যাই। আমরা একাগ্রচিত্তে শুনতে থাকি পড়াশুনার কথা, তাঁদের ক্লাস নেওয়ার কথা আর তাঁদের জীবনের প্রতিটি মুহূর্তের অভিজ্ঞতার কথা। আমাদেরকে পেয়ে তাঁরা এতটা খুশি হন ও এতটাই আনন্দ পান যে, সেই আনন্দকে ব্যক্ত করার ভাষা সৃষ্টির অভিধানেও পাওয়া যাবে না।

আমরা কোনো কোনো বৃদ্ধ অধ্যাপকদের বিভিন্ন ঔষধ ও দ্রব্যাদি দিয়ে সহায়তা করি, তাদের জীবনকে সুখী

করার জন্য ও শান্তিপূর্ণভাবে বেঁচে থাকার নিমিত্ত বিশেষে অসুস্থ অধ্যাপকদের নার্সিংহোমে পাঠানোর ব্যবস্থা করি ও ডাক্তারবাবুদের সাথে যোগাযোগ করে দিই। এইসব অসহায় অবসরপ্রাপ্ত অধ্যাপকদের ক্ষেত্রে আমরা কখনো কমিউনিকেশন গ্যাপ সৃষ্টি করি না — এটাই আমাদের ‘স্পর্শ’ কমিউনিটি প্রোজেক্টের চরম উদ্দেশ্য।

এক অতিবৃদ্ধ অধ্যাপক বলেছিলেন – অর্থ সম্পদ থাকা স্বত্ত্বেও শারীরিক শক্তির অভাবহেতু গৃহের পরিচিত পরিবেশ থেকে যেন বিচ্ছিন্ন। তিনই গৃহ পরিবেশ তথা প্রকৃতির সাথে অঙ্গবিহীন আলিঙ্গনে কোনো মতেই হৃদয় ভরাতে পারছেন না। সবশেষে সেই একই কথা বলি তাঁদের হৃদয়ে আনন্দ দেওয়ার নিমিত্ত আমাদের এই প্রয়াস,আমাদের এই “স্পর্শ” কমিউনিটির অভিযান।



**ড. মনোরমা চ্যাটার্জী**
আহ্বায়ক



**ড. শাশ্বতী দে মণ্ডল**
আহ্বায়ক



**ড. সুদীপ দাসগুপ্ত**
আহ্বায়ক



**দেবব্রত চন্দ**
আহ্বায়ক



**ড. সাঞ্চিতা সান্যাল**
আহ্বায়ক



**রাহুল মন্ডল**
আহ্বায়ক



**ড. পারমিতা চৌধুরী**
আহ্বায়ক



**ড. পার্থসারথী বেরা**
আহ্বায়ক

# NOTE FROM THE TEA CLUB

It gives us great pleasure to be associated with this, the inaugural issue of Sparsha, conceived in collaboration with the Archives and Documentation Cell and the Publication Cell of Asutosh College.

Sparsha, as an initiative, was an outcome of the annual gathering of current and former teachers of the institution, which found expression in the annual get-together of all teachers on the last working day of the year.

Sparsha has, over the part year or more, begun recording institutional memory, of which the first tangible outcome is this publication.

We would like to thank the Sparsha committee for taking up this unique and pioneering endeavour.

ASUTOSH COLLEGE TEA CLUB



**Rina Kar Dutta**
Secretary



**Tapti De**
Treasurer

# A Note from the Archives & Documentation Cell

Asutosh College, an institute of excellence, has a glorious history. Founded by the great educationist and the then Vice-Chancellor of the University of Calcutta, Sir Asutosh Mukherjee, in the year 1916, the college was initially known as South Suburban College. After the demise of Sir Asutosh Mukherjee in 1924, the college was renamed as Asutosh College. However, the journey of the college over a hundred years and even more is not a linear one. It has witnessed so many socio-political and academic change and turmoil so much through its journey, and has itself become a part of history. The memories that the college treasures are of immense value. Therefore, documentation and preservation of old data in hard copies as well as in digital forms needs to be done. Texts, documents, photographs, old apparatus, trophies, medals all bear the imprints of its rich heritage. The college has an Archive on the first floor of its main building. The Asutosh College Archives and Documentation Cell has been formed in 2021 to expedite the work of preservation.

Sparsha is an endeavour to travel back to our past through the reminiscences of our retired teachers. Their writings are imbued with passionate love for the college. It is a pleasure to bask in their memories as they share with us their stories. The younger members of our college will find the writings specially interesting and inspiring as they bear the torch of the glorious past to a prospective future.

**Joint Convenors**



**Dr. Manorama Chatterjee**



**Dr. Sraboni Roy**



**Dr. Sanchita Sanyal**



**Dr. Chandrima Bhar**



**Dr. Taniya Roy**

# In Memoriam

Ring out the grief that saps the mind
For those that here we see no more...



**Krishna Roy Mahashay**



**Gobinda Ghose**



**Subhransu Kumar Ray**



**Prabir Roy Choudhury**



**Angshutosh Khan**



**A K Chattapadhyay**



**Dulal Sarkar**

# Based on an Interview with Dr. Samarendra Bhattacharya



**Dr. Samarendra Bhattacharya**
Retd. Professor, Dept. of Philosophy
25.08.1964 — 30.11.1996

I have a long association with Asutosh college. I joined the college in 1964 and met Profs. Kalipada Bakshi and Purnochandra Chakraborty as my colleagues. Samirsudha babu, also my colleague in the department of Philosophy, was then the Vice-Principal of our college. We were the four full-time lecturers of the department of Philosophy. We taught the subjects by rotation, though I have specialized in psychology and researched on "imageless thought". I can still recollect how we urged the students to attend the classes as the students didn't normally turn up. I have witnessed the political turmoil due to the Naxalites", activities. The students engaged in the Naxalites activities often ravaged the college and beat up the other students. The students, who were threatened by the Naxalites, stopped coming to the college. One of the students of the Department of Philosophy, involved with the Naxalite, disturbed the class and even threatened me. All the teachers of the college were shocked as a senior teacher of Physics of our college was stabbed by a Naxalites student. We apprended trouble every day during the Naxalite, movement. Classes and examinations were also disrupted by Teachers' movements demanding salary-hike. However, I never support disrupting the classes in this manner. For me the interest of a student should be prioritised. My advice to the present generation is to work hard and build a strong foundation for the future.

[Translated into English from an interview conducted by a Sparsha team member in Bengali]

**(Samarendra Bhattacharya)**

# আশুতোষ কলেজের দিনগুলি



**দুলাল সরকার**
অবসপ্রাপ্ত অধ্যাপক, পদার্থবিদ্যা বিভাগ
১৫.০৯.১৯৬২ - ৩১.০৭.১৯৯৫

সাক্ষাৎকারের ভিত্তিতে লিখিত

আমি M.Sc পাশ করার পর আশুতোষ ও যোগমায়া দেবী কলেজে চাকরির জন্য আবেদন করি। প্রথমে যোগমায়া দেবী কলেজের ইন্টারভিউ দিই কিন্তু তারপর ওনারা আর যোগাযোগ করেন নি। এরপর আশুতোষ কলেজ থেকে ইন্টারভিউ দেবার জন্য চিঠি পাই। তদানীন্তন প্রিন্সিপাল শ্রী নরেন কুমার ভট্টাচার্য্য আমাকে দেখেই বলে ওঠেন, “তুমি তো ইন্টারভিউ দিয়ে গেছ”। যাই হোক আমি আশুতোষ কলেজে কর্মজীবন আরম্ভ করি।

দেশ ভাগের পর আমার পরিবার অত্যন্ত অর্থনৈতিক দুর্দশায় পড়ে। আমি বর্ডার পেরিয়ে এপারে এসে কাকার বাড়িতে আশ্রয় পাই, সেখানে চন্দননগর কানাইলাল বিদ্যামন্দিরে ভর্তি হই ও সেখান থেকে ম্যাট্রিক পাশ করি। কলেজে ভর্তির টাকা যোগাড় করা সেই সময় আমার পক্ষে অসম্ভব হয়ে পড়ে। চন্দননগর ভুবনেশ্বরী মন্দিরে একজন পুরোহিত থাকতেন, সবাই তাঁকে স্বামীজি বলে ডাকত, এই স্বামীজিকে আমার পয়সার অভাবে ভর্তি না হতে পারার কথা বলি, উনি এই শুনে ভর্তির জন্য প্রয়োজনীয় অর্থ দেন। আমি চন্দননগর গভর্মেন্ট কলেজে I.Scতে ভর্তি হই। সেই সময় কাকার বাড়িতে থাকাও অসম্ভব হয়ে পড়ে, স্বামীজি আমাকে মন্দিরে থাকতে দেন। আমার I.Scতে বায়োলজি নেবার ইচ্ছা ছিল কিন্তু বায়োলজি বক্স কেনবার জন্য টাকা ছিল না তাই বায়োলজি পড়া আর হয় নি। আমি I.Sc, B.Sc ও রাজাবাজার কলেজে M.Sc পড়বার সময় এই মন্দিরেই থাকতাম। লোকেরা যা পুজো দিত যা দক্ষিণা, কাপড়চোপড় স্বামীজি পেতেন তার থেকেই উনি আমার পড়বার খরচ, খাওয়া দাওয়া জামা কাপড় সব খরচ দিতেন, উনি আমাকে পুত্র স্নেহে ভালোবাসতেন, আমার সঙ্গে ওনার ভালো বন্ধুত্বের সম্পর্ক ছিল, ওনার সঙ্গে অবসর সময় তাস খেলতাম।

আমি কলেজে চাকরি পাবার পর স্বামীজির ঋণ পরিশোধ করি। কিন্তু স্বামীজির ঋণ জীবনে পরিশোধ যোগ্য নয়।

আশুতোষ কলেজে অধ্যাপনার দিনগুলি খুবই আনন্দে কেটেছে। আমার পরে সৌগত রায়, মৈনাক গুপ্ত ফিজিক্স বিভাগে যোগ দেন, সৌগত আগে মণীন্দ্র চন্দ্র কলেজে পড়াতেন, উনি একজন খুবই ভালো অধ্যাপক ছিলেন, মানুষ হিসাবেও খুবই ভালো।

আমার সঙ্গে অন্য বিভাগের অধ্যাপকদেরও খুবই ভালো সম্পর্ক ছিল। রসায়ন বিভাগের গোবিন্দবাবু আমার ভালো বন্ধু ছিলেন।

ছাত্রদের সঙ্গেও আমার সম্পর্ক বেশ ভালোই ছিল, একটি পাশ কোর্সের ছাত্র একবার ক্লাসে খুব দুষ্টুমি আরম্ভ করে, আমি ছেলেটির রোল কলের খাতায় ছেলেটির রোল নম্বরের পাশে মন্তব্য লিখে রাখি। পড়ে পরেশবাবু ছেলেটিকে খুব বকাবকি করেন। এখনো ট্রামে বাসে দেখা হলে যখন পুরনো ছাত্ররা প্রণাম করে বসবার সিট ছেড়ে দেয় তখন খুব ভালো লাগে।

আমার হবি বা শখ ছিল নানা রকমের যন্ত্রপাতি তৈরি করা। আমি ছাত্রদের প্র্যাক্টিকালের ইলেক্ট্রনিস্ক-এর প্রয়োজনীয় যন্ত্র নিজেই তৈরি করতাম, আমাকে পরেশবাবু, হীরেনদা, বিকাশ, মৈনাক ও ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট পার্থ এই যন্ত্রপাতি তৈরির ব্যাপারে খুব সাহায্য করেছেন। বাড়িতে বসে সে সময় আমি ট্রানজিস্টার রেডিও তৈরি করতাম, বন্ধু-বান্ধব, পাড়া প্রতিবেশী অনেকেরই এই রেডিও তৈরি করে দিয়েছি। যন্ত্রপাতি তৈরি করা ছাড়াও মেরামতির কাজও করতাম। সে সময়ে ফিজিক্স বিভাগে যন্ত্র তৈরি ও মেরামতের জন্য বাইরে থেকে টেকনিশিয়ান ডাকার চল ছিল না।

এইভাবে প্রায় চল্লিশ বছর কাটিয়ে অবসর গ্রহণ করি।

**(দুলাল সরকার)**

# Interview of Hiren Mukherjee



**Hiren Mukherjee**
Retd. Professor, Dept. of Physics
(01.04.1960 — 30.11.1995)

Interviewer: Sir, please share some past experiences of yours.

HM: I joined Asutosh college on 31st November, 1960. Khagen Sen was Principal and Nirodh babu was Vice-Principal. You will laugh when you hear about our salary. It was just 200 rupees per month. Later the UGC raised it from Rs 200 to Rs 500. A lot of struggle lay behind this. That was in fact the first time the UGC gave some thought to our condition. The college used to give a certain amount of money at intervals of three months. The college would give seventeen-and-a-half rupees and the government would also give seventeen-and-a -half. I came to this college despite being from a suburban area because this college used to get a special D.A. of Rs 65. The government made no discrimination in this case. At the end of three months when we finally got fifty-two and a half rupees [D.A.] we were extremely overjoyed.

During Nirodh babu's time the Vice-Principal was Sri Dulal Mitra. I also served under Suvankar babu before my retirement. I retired in 1995, after 35 years of service. I was a little confused in the lead-up to retirement. We had to choose between two options: either taking retirement [at 60] or continuing to work till age 65. I thought that if I continued to work till 65, and then passed away at 70, I would not really get the time to enjoy my retirement. Suvankar babu had told me that getting a pension is really beneficial at this stage of life. We get it regularly; I don't know whether today's retiring teachers today are also getting it.

Interviewer: was Teachers' Day celebrated in your time?

HM: No. Dr Sarvepalli Radhakrishnan was still alive in our time.

I remember a student from the department of Physics - Bikash Ranjan Paul. He came from a struggling family. Sorry, I meant Bikash Ranjan Bhattacharya. He is now a lawyer. Bikas Ranjan Pal was my colleague. Room no 29 was our lab room. On the opposite side of the corridor was Room no 31. I remember that practical classes were going on one day when the Naxal boys came with long sticks in their hands and started breaking the glass instruments. Bikash came and asked 'What are you doing?' One of the boys tried to stop Bikash and he was stabbed. He started bleeding but he still managed to chase away the Naxalites who ran the length of the corridor and down the stairs and got away. The boy was immediately hospitalised. Later Bikash passed his B.Sc. and then studied law. There was another lawyer in our governing body who was a leftist, like Bikash [Ranjan Bhattacharya].

[Translated into English from an interview conducted by a Sparsha team member in Bengali]



**(Hiren Mukherjee)**

# স্মৃতির খেয়া



**পরিতোষ বসু**
প্রাক্তন অধ্যাপক, রাষ্ট্রবিজ্ঞান বিভাগ
০৭.০৭.১৯৬০ - ৩১.১২.১৯৯৫

আমি প্রথমে স্টেট ব্যাঙ্কে ছিলাম। পরে পরিবর্তন করি। ১৯৫৮-এ এই কলেজে যোগদান করি। তখন ইকোনমিক্স আর পলিটিক্যাল সায়েন্স সবেমাত্র পৃথক হয়েছে। আমরা পড়াশোনা করেছিলাম কম্বাইন্ড কোর্সে। বি. এ পর্যন্ত তখন এক সাথেই পড়তে হত। এম.এ.- তে গিয়ে তখন স্ট্রিম আলাদা হয়ে যেত। ১৯৫৫ এ আমি বি.এ. পাস করি। সেসময়ে পলিটিক্যাল একোনমির গ্রুপ এ, গ্রুপ বি ছিল। গ্রুপ বি পরে পলিটিকাল সায়েন্স হল। অধ্যাপক দেবেন ব্যনার্জী এসে এই গ্রুপটিকে তৈরি করলেন।

সেসময়ে, আশুতোষ কলেজের পরিবেশ ছিল অসাধারণ। আমি প্রেসিডেন্সি কলেজেও বেশ কিছু বছর পড়িয়েছি। কিন্তু এখানে এসে যে স্টাফ দেখেছি, তা অসাধারণ। তাঁরা প্রেসিডেন্সি কলেজের স্টাফদের থেকে কোনো অংশেই কম ছিলেন না। পাণ্ডিত্য তো বটেই, তাঁদের শিক্ষকতার মান ছিল অসাধারণ। যেমন ইংরেজিতে জিতেন চক্রবর্তী। আরো অনেকেই ছিলেন। এনারা মূলত পূর্ব বঙ্গ থেকে চলে আসা মানুষ। ঢাকা বা এইসব অঞ্চলে তাঁরা অধ্যাপক ছিলেন। তখন তো পূর্ব পাকিস্তান। পার্টিশনের পর যখন তাঁরা এলেন, আশুতোষ কলেজ তাদের নিয়োগ দেয়। বাংলায় তারাপদবাবু, ইংরেজিতে শিশির বাবু ছিলেন।

তখন বেতন ছিল অত্যন্ত কম। আনম্যানেজবল। ব্যাঙ্কের বেতন তখন সব থেকে বেশি। আই. এস.-দের থেকেও বেশি। সেখান থেকে ছেড়ে এসে যখন এখানে যোগ দিলাম তখন তার অর্ধেকের কম বেতন পেতাম। তখন ২১৫ টাকা বেতন, সাড়ে ১৭ টাকা সরকারি ডি.এ. ছিল। ১৫০ টাকা বেসিক। আশুতোষ কলেজের ডি.এ. ছিল সবচেয়ে বেশি। ৭৫ টাকা। সময়টা তখন ১৯৬০। তিন মাস অন্তর আসত সরকারি ডি.এ.। ১৫০+১৭.৫০+৭৫ এই ছিল বেতনের হিসাব। তখনকার কালে মানুষের এতো চাহিদা ছিল না। জীবন যাপন ছিল খুব সাধারণ। এই বেতনে চলে যেত। কেউ কেউ টিউশনি করতেন। আমি করিনি। তবে আমি আই. এস. পরীক্ষার জন্য আসা ছাত্রদের সেন্ট জেভিয়ার্সে পড়াতাম। তারা প্রথম কলকাতায় এইসব পড়ানোর একটা সংস্থা তৈরি করেছিল। যাই হোক কলেজের সেকালের দিনগুলোর কথা ভাবলে বড় আনন্দ হয়।

Paritosh Basu.
(পারিতোষ বসু)

# Looking Back



**Prof. Gargi Nath**
Ex-Principal, Jogamaya Devi College
Retd. Professor, Dept. of English
(01.07.1983 — 30.06.1997)

'Na na aaj admission hobe na! Pore esho!' I stood befuddled for some time but gathered my wits soon enough to declare that I wanted to enter college as a teacher! That was on the forenoon of the first of July, 1983. The boys suddenly went quiet and cleared my path. Ever since I moved to Calcutta I started looking for a college teaching job and soon I joined a mofussil college , not far from the city. However, being a nascent college, it had its load of problems like not being listed with the UGC and the consequences thereof! The CSC interviews were torturous for me as I was not yet familiar with the other aspirants and so sat in a corner like a scolded sheep! I winced every time a candidate emerged from the interview chamber announcing to his / her group that prof so and so was in there, and what was asked of her, as if things were so predictable! I come from a university in the northeast. I felt at sea, lost in a maze! To cut the story short, I made it! Most of the professors and other members present were kind and fair and my ignorance of the syllabus of the universities here did not matter much! After a long wait I was placed in Asutosh college! At last, I would join a proper college! On that first day at Asutosh, having completed formalities in the principal's office I was escorted to the 'Staff room'! The escort opened the doors to that room by shooing away some boys who had blocked the entrance. I was greeted by what appeared to be a sea of strangers in a mist of smoke. Soon I found myself seated at the table on the left side of the room. The room was smoky. A kind looking tall gentleman in dhoti kurta introduced himself as the head of department of English which brought me out of my daze as he asked me about my special paper, which texts I'd be interested in teaching and so on. It was difficult to hear and understand what he said because of multiple chatters of groups in that crowded room! "Ei, tora ar kotokshan boshbi ? Ebar bari ja "! Such snatches made me realize that the students had coaxed teachers into the staff room from the classrooms and different departments and then gheraoed them to press

their demand! Much later I surmised that their demand was for passing all students to the next class.
The first couple of months I was put on trial by the very senior teachers who occupied the table called the 'House of Lords ' in the Professor's Room! I feel it was more for the reason that I had mastered from the Northeastern Hill University, which was fairly new in the list of universities! Of course, all this was done in a humorous spirit! Things like what is the plural/ singular for words like data, locus, bonaii and the like! But bonaii ? Never came across this word! After a long time, someone rescued me saying that it was, in fact, a Bengali word! Anyway, I have great respect for each one of them! And soon one day I was sent to room 34 for invigilation duties! The room was teeming with male students appearing for the Part 1 Chemistry pass , or what is now called General exams. From my 37-year-old experience as a college teacher I gather that maximum students select Political Science and Chemistry in the Humanities and Science Streams respectively!

There was a lot of excited movement amongst them! On close observation I found that they were exchanging not only chits of scribbled paper but also answer scripts! Coming from a convent college for girls, this was shocking! Seeing me, the new teacher, they wanted to visit the washroom with unusual frequency! Where was my other colleague? He had gone for a cup of tea but even he was taking a long time! I changed places of two boys who were talking constantly by making one sit on the last row. No sooner had I separated them, instead of writing their answers they kept looking at each other as if I had parted lovers! Much later did I realized that they possessed each other's main answer booklet and while submitting their scripts they had to attach the loose sheets to the main booklet which bore different roll and registration numbers! I can swear that this was baptism by fire! My colleague returned a little while before the final bell rang, mumbling something about having a lot of work in his lab. The icing on this experience were the propositions on the classroom walls, written by the boys addressed to the girls of the morning college and the humorous repartees from the girls! The mobile phones have robbed this aspect of youthful exuberance of expressing feelings! But the best one was ... a sketch of a sombre looking great man, after whom the college is named, beside which was written "যৌবনের ঢেউ , কুকুরের ঘেউ" । Profound philosophy, no doubt!

Recently the fearful death of a seventeen-year-old freshman at a South Kolkata university was in the news. Along with many others I too condemn this barbaric treatment of a fresher resulting in his tragic death. We believe that the perpetrators are inhuman brutes who have no places in such temples of learning; nay, they cannot be accommodated in any civilized society. Asutosh College has two men's hostels and I'm proud to declare that no instance of ' ragging' has been associated with them and nor will be, in the future! The reason for this is the strict vigil and a stern view that the college administration has taken in such matters, and we are proud of that! I'll now narrate an incident that took place in the college in the early nineties. The nineties were the time when the trade and commercial doors were opened to international businesses in terms of liberalization. This happened internationally. Domestic markets, so far protected by governments, were let loose and the world became one village! This meant different things to different people. The youth in Calcutta, at least a section of the people with disposable income, were the first to respond to this new

reality! Young men in sleeveless tees and bermudas, sipping cola from plastic cups, were visible in vicinities like JU, Golpark and such places. But the horror of horrors was when you saw them flip their empty plastic cups on the streets! Easy to copy the cola-sipping crowd seen in Hollywood movies but difficult to pick up their sense of cleanness and hygiene! Hardly anyone ever sees a US kid litter the streets similarly. With 'liberalization ' came a kind of slackness in the kind of life we lived heretofore which was reflected in many places. Thus, the hostel seniors of this time may have thought ragging was par for the course! One afternoon I was petrified as I entered the Principal' s office on some urgent matter for the Principal was caning a couple of boys, ' seniors ‘, who lay writhing on the floor, praying for mercy! It took me some time to gather my wits and slowly I learnt that the boys had attempted to rag some freshmen in the hostel for which they were being punished. And when the Principal was done with them, he kept shouting: 'Ragging today, drinks tomorrow, drugs next, and God knows what thereafter!' I personally believe that certain things have to be dealt with a heavy hand, nipped at the bud to spare the suffering of individuals, families and society at large.

Gargi Nath

**(Prof. Gargi Nath)**

# ফিরে দেখা



**সুধীন্দ্র কুমার বন্দ্যোপাধ্যায়**
অবসরপ্রাপ্ত অধ্যাপক, পদার্থবিদ্যা বিভাগ, আশুতোষ কলেজ
(০৭.০৭.১৯৬০ - ৩১.০৩.১৯৯৯)

প্রায় ৪০ বছর আশুতোষ কলেজে জীবনে সবথেকে মধুর ও আনন্দময় দিন কাটিয়েছি। নানা ঘাত-প্রতিঘাতের মধ্যে দিয়ে গিয়েছি, এখন সেই স্মৃতির নানা ঘটনা মনের মধ্যে ভীড় করে আসছে তার কোনটা লিখি আর কোনটা বাদ দিই, তা নির্ণয় করা অসম্ভব।

প্রথমদিনের কথা দিয়ে শুরু করি। আমি ০৭.০৭.১৯৬০ সকাল ১০:১৫ মিনিটের মধ্যে পৌঁছে যাই। তখন যোগমায়া দেবী কলেজের ক্লাস চলছিল। গেটে দ্বারোয়ান ছিলেন, এখনকার কপিল সিং এর পিতা, সুগঠিত, বলশালী চেহারার মানুষ। উনি আমাকে গেটে আটকান এবং হিন্দিতে বলেন — "এখন জেনানা টাইম চলছে, তাই পুরুষদের ঢোকা বারণ"। স্বভাবত আমি পিছিয়ে আসি। একটু পরে কাছে গিয়ে বলি "আমি আশুতোষ কলেজে অধ্যাপক হিসাবে যোগদান করতে এসেছি", — এই শুনে উনি আমাকে ভেতরে যেতে দেন। আমি প্রথমে পদার্থবিদ্যা বিভাগে যাই, সেখান থেকে আমাকে পাঠিয়ে দেওয়া হয় মেইন স্টাফ রুমে, শ্রী নীরোদ বাবুর সঙ্গে দেখা করার জন্য। আমি প্রথমে ভেবেছিলাম উনিই অধ্যক্ষ (পরে জেনেছিলাম উনি উপাধ্যক্ষ), কলেজের তখন অধ্যক্ষ ছিলেন শ্রী খগেন্দ্রনাথ সেন মহাশয়, ৭ জুলাই ১৯৬০ তারিখে আমরা তিনজন অধ্যাপক হিসাবে যোগদান করি। আমি পদার্থবিদ্যা বিভাগে, শ্রী পরিতোষ বসু পলিটিক্যাল সায়েন্সে, আর শ্রী নলিনী মোহন বন্দ্যোপাধ্যায় রসায়ন বিদ্যা বিভাগে।

সেই সময় আমার বিভাগীয় প্রধান ছিলেন শ্রী পরেশনাথ সেন। উনি ১৯৩৫ সালে রেঙ্গুন বিশ্ববিদ্যালয়ে অধ্যাপনা করতে যান। ১৯৩৯ সালে দেশে ফিরে আশুতোষ কলেজে যোগদান করেন। ওনার ঠিকানা ছিল ২৪ রমেশ মিত্র রোড, ভবানীপুর, স্যার আশুতোষ মুখোপাধ্যায়ের বাড়ির নিকটে। পদার্থ বিদ্যা বিভাগে অন্যান্য অধ্যাপকেরা ছিলেন শ্রী চিত্তরঞ্জন বসু (যোগদান 1951), শ্রী বিমলেন্দু ভট্টাচার্য (যোগদান ১৯৫৭), শ্রী অমল ভট্টাচার্য্য (যোগদান ১৯৫৬), শ্রী ধীরেন্দ্রনাথ মুখোপাধ্যায় (যোগদান ১৯৫৭) এবং আরো অনেকে, যেমন বিখ্যাত অধ্যাপক ক্ষীরোদ গোপাল মজুমদার ও শ্রী সুরেশচন্দ্র দাস মহাশয়।

আমি বিদ্যাসাগর কলেজ থেকে পদার্থবিদ্যায় অনার্স নিয়ে B.Sc পাশ করি, পরে রাজাবাজার সায়েন্স কলেজে Pure Physics-এ M.Sc পাশ করি ১৯৫৯ সালে।

প্রথমে হুগলি জেলায় শ্রী গোপাল ব্যানার্জী কলেজে (বাগাটি কলেজ বলেও পরিচিত) অধ্যাপনা শুরু করি ১৯৬০ সালে। কিন্তু বাড়ি থেকে দূরত্ব অনেক বেশি হওয়ায় কলকাতার বিভিন্ন কলেজে আবেদন করতে থাকি। আশুতোষ কলেজে চাকরি পাওয়ার পর আমার বাবার নির্দেশে এখানেই যোগদান করি। প্রবাদপ্রতিম অধ্যাপক অমল কুমার চৌধুরীর স্থানে যোগদান করি। অমলবাবু আশুতোষ কলেজ থেকে পদত্যাগ করে Indian Association of Cultivation of Science-এ যোগ দেন, পরে প্রেসিডেন্সি কলেজে যোগদান করেন। আমি প্রথম দিকে অমলবাবুর কাছে রিসার্চের কাজ আরম্ভ করেছিলাম, কিন্তু নানা পারিবারিক কারণে রিসার্চের কাজ করতে পারিনি।

অমলবাবু সেই সময় কলকাতা বিশ্ববিদ্যালয়ের একজন প্রধান পরীক্ষক ছিলেন, পরীক্ষক হিসাবে ওনার বালিগঞ্জের বাড়িতে বেশ কয়েকবার গিয়েছি, আদর যত্নও পেয়েছি প্রাপ্যের বেশি। আমি যখন আশুতোষ কলেজে যোগদান করি তখন কলেজে ছাত্র ইউনিয়ন ছিল D.S.O-এর অধীনে।তখন পশ্চিমবঙ্গে শাসন ক্ষমতায় কংগ্রেস, মুখ্যমন্ত্রী শ্রী বিধান চন্দ্র রায় মহাশয়। আশুতোযে তৎকালীন D.S.O-এর নেতা ভবেশ গাঙ্গুলী Test পরীক্ষায় উত্তীর্ণ না হওয়ায় তাকে sent-up করা হয়নি। ভবেশের নেতৃত্বে ছাত্র বিক্ষোভে অধ্যক্ষ সেন ঘেরাও হন, staff Room-এ ওনার পাঞ্জাবীতে জুতোর দাগ লাগে। শ্রী সেন এই পাঞ্জাবী ছাত্রদের প্রতিদান হিসাবে রেখে দেন। এই ঘটনার প্রতিবাদে শিক্ষকরা সমবেত ভাবে আন্দোলন করেন এবং ছাত্র ভবেশকে কলেজ থেকে বিতাড়িত করা হয়।

১৯৬৬ সালে আমরা D.A বৃদ্ধির আন্দোলন করি। তখন St. Xavier's College - এ DA ছিল ১০০ টাকা, আর আমাদের ছিল ৬৫ টাকা। শিক্ষক সভার অধ্যাপক গোপালী ত্রিবেদীর প্রস্তাবে আমরা সিটিং স্ট্রাইক শুরু করি। শ্যামাপ্রসাদ কলেজের অধ্যাপকেরা সন্ধ্যাবেলা এসে আমাদের দেখে আমাদের সঙ্গে যোগদান করেন। পরদিন সকালে যোগমায়া দেবী কলেজের অধ্যাপক ও অধ্যাপিকারা এই সিটিং স্ট্রাইকে যোগদান করেন। আমরা ক্লাস ঠিকমতো করছিলাম, কিন্তু বাড়ি যাচ্ছিলাম না, কলেজেই রাত্রিবাস করছিলাম।

সেই সময় আমি ছাত্র ইউনিয়নের সভাপতি হয়ে ছিলাম রসায়ন বিভাগের অধ্যাপক শ্রী সুবীর বসু রায়ের অনুরোধে।

যাই হোক, এরপর আমরা সবাই মিছিল করে শ্রদ্ধেয় শ্রী রমাপ্রসাদ মুখোপাধ্যায়ের বাড়ি যাই, উনি তিন কলেজের পরিচালন সমিতির সভাপতি ছিলেন, উনি প্রথমে ছাত্র ইউনিয়নের সভাপতিকে জিজ্ঞাসা করেন। আমি সভাপতি বলাতে আমাকে খুব তিরস্কার করেন এবং বলেন যে ছাত্ররা দুষ্টুমি করছে আর সভাপতি কী করছে ? আমি বললাম যে ইউনিয়ন পরিচালনার কোন লিখিত constitution নেই, তাই আমার কোনো ক্ষমতাই নেই। আমরা সমবেত ভাবে আমাদের দাবী পেশ করলাম এবং পরে পরিচালক সমিতির বৈঠকে D.A ৬৫ টাকা থেকে বেড়ে ৯০ টাকা হল।

সেই সময় আমাদের পে-স্কেল ছিল ১৫০-৩৫০ টাকা D.A. নিয়ে মাইনে ছিল ২১৫ টাকা প্রতিমাসে। এর থেকে ১০ পয়সা stamp duty কেটে হাতে পেতাম ২১৪ টাকা ৯০ পয়সা। তখন সরকারী মহার্ঘ ভাতা ছিল ১৭ টাকা ৫০ পয়সা। সেটা আবার ৩ মাস অন্তর আসত।

রসায়ন বিভাগের শ্রী সমর বসুর কথা খুব মনে পড়ে। উনি সংবাদ নিয়ে একদিন জানালেন যে গভর্নিং বডিতে

সদস্য হিসাবে বাইরের যারা আছেন তারা কলেজের বিষয় বিশেষভাবে ওয়াকিবহাল নন। আর গভর্নিং বডি বিশ্ববিদ্যালয়ে গঠনতন্ত্র অনুযায়ী গঠিত নয়। সমরবাবু প্রচুর পরিশ্রম করে বিশ্ববিদ্যালয়ের হস্তক্ষেপে সংবিধান সম্মত গভর্নিং বডি তৈরি হয়। খুবই দুর্ভাগ্যজনক উনি অবসর নেওয়ার পর হঠাৎ নিরুদ্দেশ হয়ে যান, পরেও ওনার কোনো খোঁজ পাওয়া যায় নি। আর এক অধ্যাপকের কথা খুব মনে আছে। তিনি হলেন সংস্কৃত বিভাগের প্রধান অধ্যাপক সত্যেন ভাদুড়ী মহাশয়। কলেজের যাবতীয় গুরুত্বপূর্ণ কাজে উনি ছিলেন অগ্রণী।

কলেজের প্রথম অধ্যক্ষ শ্রী পঞ্চানন সিংহের কথা না বললেই নয়। উনি থাকতেন শ্রীরামপুরে। স্টিম ইঞ্জিন চালিত ট্রেনে চেপে কলকাতায় আসতেন। অধিকাংশ দিন তিনি অধ্যক্ষের ঘরে যে ইজিচেয়ার ছিল, শুয়ে রাত কাটিয়েছেন। ওনার সময়ই কলেজ বিল্ডিং - এর সম্প্রসার হয়, একতলা দ্বিতল হয়। উনি বোধহয় তার সুষ্ঠু তদারকির জন্য কলেজেই রাত কাটাতেন। কলেজের বাইরে দুটি মেহগনি গাছ ছিল, বিল্ডিং সম্প্রসারণের সময় গাছ দুটি কাটা পড়ে। সেই কাঠ দিয়ে অধ্যক্ষের ঘরের চেয়ার টেবিল তৈরি হয়।

উনি ছিলেন কলেজ অন্ত প্রাণ। একদিন উনি সকালে কলেজ আসেননি। সবাই চিন্তিত। পরে দুপুর বেলায় এসে উপস্থিত। বললেন যে গত রাত্রে ওনার এক পুত্র মারা গেছে, তাই দাহ কার্য শেষ করেই কলেজে এসেছেন।

আমার সিনিয়র সহকর্মী ও পরে বিভাগীয় প্রধান চিত্তরঞ্জন বসু ছিলেন খুবই অমায়িক ও বিনয়ী। ওনার দেশের বাড়ি ছিল বর্ধমান জেলার মন্তেশরের কাছে কাইগ্রাম নামে গ্রাম। অতীতের বিখ্যাত দেবকী বসু পারিবারিক সূত্রে ওনার আত্মীয় ছিলেন। ওনার পুত্রের অন্নপ্রাশনে দেশের বাড়ি যেতে পারেননি, ক্লাস আছে বলে। পড়ে গিয়ে মাথা ফেটে গেছে, তাও কলেজে এসেছেন। চিত্তবাবুর কথা বলতে গেলে একটা ঘটনার কথা উল্লেখ না করলেই নয়।

তখন ১৯৭১-৭২ সাল। একদল ছাত্র হঠাৎ ফিজিক্স বিভাগের ল্যাবরেটরিতে ঢুকে ভাঙচুর শুরু করে। সৌমেন সাহা বলে একটি ছাত্র তাদের বাধা দিতে যায়। সৌমেনের গলায় একজন ছুরি মারে, চিত্তবাবু সঙ্গে সঙ্গে সৌমেনকে জড়িয়ে ধরেন, এবং ছুরি হাতে ঐ ছেলেটির সামনে দাঁড়ান। কোনো কারণে সে চিত্তবাবুকে আক্রমণ না করে দৌড়ে পালায়। ততক্ষণে চিত্তবাবুর শুভ্র ধুতি পাঞ্জাবী রক্তে লাল। সৌমেনকে ধরাধরি করে আমাদের ডিপার্টমেন্টের এর অধ্যাপক অশোক গাঙ্গুলীর গাড়ীতে পিজি হাসপাতালে নিয়ে যাওয়া হয়। তখন ডাক্তাররা বলেন, ছাত্রটি বরাত জোরে বেঁচে গিয়েছে, অল্পের জন্য ছুরি শ্বাসনালী ভেদ করতে পারেনি। সৌমেন ভালো হয়ে উঠলে পুলিশ যখন তাকে কে ছুরি মেরেছে জিজ্ঞাসা করে, ছেলেটিকে চিনতে পারে কিনা, চিনতে পারা সত্ত্বেও সে বলে আমি ওদের চিনি না। চিত্তবাবু ছিলেন অত্যন্ত সৎ ও ক্ষমাশীল। কালিঘাটের এক ছাত্র, তাদের বাড়ি ভেঙে ফ্ল্যাট হবে, চিত্তবাবুকে দুতলায় দেবে, চিত্তবাবু টাকা দিয়ে বুক করেছেন। ছাত্র প্রতিশ্রুতি ভঙ্গ করে বেশি দামে আর একজনকে বিক্রি করে দিয়েছে। সকলে চিত্তবাবুকে পুলিশে খবর দিতে বা কোর্টে নালিশ করতে বলেন। চিত্তবাবু বলেন তাতে ছেলেটির ক্ষতি হয়ে যাবে, তাই কোন বিরূপ ব্যবস্থা নেবেন না। পরে অবশ্য ছেলেটি চারতলায় একটি ফ্ল্যাট দেয়, চিত্তবাবু আমৃত্যু বাস করেন।

চিত্তবাবুর টিউশনি সূত্রে দক্ষিণ কলকাতার বহু আইনজ্ঞ, ডাক্তার, শিল্পপতি, সরকারি আমলাদের সঙ্গে পরিচয় ছিল। কিন্তু পুত্র ইঞ্জিনিয়ারিং পাশ করার পরও কাউকেই চাকরির জন্য অনুরোধ করেন নি।

এবার আসি কলেজের বিল্ডিং - এর ব্যাপারে, কলেজে তখন কোনো ঘরে গ্যালারী ছিল না। এখনকার ১০ নম্বর ও ২২ নম্বর ঘর সাধারণ ক্লাসরুম ছিল। পদার্থবিদ্যা বিভাগের তদানীন্তন বিভাগীয় প্রধান

শ্রী পরেশনাথ সেনের তত্ত্বাবধানে, এই দুটি ঘরে গ্যালারী তৈরি হয়, গ্যালারীর নকশা, কাঠ, লোহার সামগ্রী সব ওনার প্রত্যক্ষ উপস্থিতিতে কেনা হয়, উনি দাঁড়িয়ে থেকে গ্যালারী নির্মাণ করান।

আমাদের প্র্যাক্টিকালের জন্য কোনো ডার্করুম ছিল না। আমরা একরকম জোর করেই আশুতোষ মেমোরিয়ালের একটি ঘর ডার্করুমের জন্য ব্যবহার করতে শুরু করি। পরে যদিও মেমোরিয়াল কর্তৃপক্ষ কোনো আপত্তি করেননি। অধ্যক্ষের ঘরে ট্রফি রাখার যে আলমারি আছে সেটি যোগমায়া দেবী কলেজের পদার্থবিদ্যা বিভাগের প্রধান অধ্যাপক সুকুমার মুখোপাধ্যায়ের তত্ত্বাবধানে তৈরি করা। তখন অধ্যক্ষের ঘরের সামনে আলাদা কোনো টয়লেট ছিল না। এই পথে সকালের ছাত্রীরা নীচে যাওয়ার জন্য সিড়িটা ব্যবহার করতো। এখন ওটা বোধহয় বন্ধ আছে।

কলেজ পরিচালনার জন্য তিন কলেজের আলাদা গভর্নিং বডি বোধহয়, ১৯১৭ কলকাতা বিশ্ববিদ্যালয়ের আইনানুসারে হয়েছে। যদিও এই বিল্ডিং - এ তিন কলেজ থাকার ফলে তিন অধ্যক্ষের জয়েন্ট কাউন্সিল আলোচনার ভিত্তিতে পারস্পরিক সুবিধা-অসুবিধা ব্যবস্থা নেওয়া হয়। একসময়ে যোগমায়া দেবী কলেজের অধ্যক্ষ শ্রী সুব্রত গুপ্ত মহাশয় সমস্ত ব্যবস্থা দেখভাল করতেন।

কলেজের যেখানে এখন ACTC বিল্ডিং সেখানে শ্রী শ্যামাপ্রসাদের নামে জিমনাসিয়াম ছিল। পরিচালনার জন্য সরকার কর্তৃক একজন বডি বিল্ডার নিযুক্ত হয়েছিলেন। বর্তমানে সেটা নেই মনে হয়। এবার আমি কলেজের মাঠ প্রসঙ্গে বলি, কলেজের মাঠ ব্যবহারে সেনাবাহিনীর অনুমতি নিতে হয়। শর্ত ছিল শীতকালে মাঠের ছাউনি খুলে রাখতে হবে, সেইজন্য আমাদের কোনো স্থায়ী কাঠামো নির্মাণ করা যাবে না। তদানীন্তন রাজ্যপাল শ্রী হরেন্দ্র মুখোপাধ্যায়ের সক্রিয় সাহায্যে এই তাঁবু আমরা তৈরি করতে পেরেছি। আমি একসময়ে তাঁবুর প্রয়োজনীয় সামগ্রী বড়বাজার থেকে কিনে এনেছি। আমাদের তাঁবুতে কোনো জলের ব্যবস্থা ছিল না। পশ্চিমবঙ্গ সরকারের এক প্রাক্তন মন্ত্রীর সহায়তায় রাজভবনের সামনে থেকে কলেজের তাঁবু পর্যন্ত জলের লাইন পেতে জল সরবরাহের ব্যবস্থা করা হয়।

আজ প্রায় অবসরের ২৫ বছর পরেও কলেজের আনন্দঘন দিনগুলির কথা অমলিন আছে। অবশেষে প্রাক্তনী হিসাবে আমার একটি সনির্বন্ধ অনুরোধ আছে। আশুতোষ মেমোরিয়ালের বর্তমান কর্তৃপক্ষ ও আশুতোষ কলেজের বর্তমান কর্তৃপক্ষ মিলিতভাবে পুরোনো গভর্নিং বডির মিটিং যেহেতু মেমোরিয়ালের তত্ত্বাবধানে হত, এই মিটিং - এর নথি মেমোরিয়ালের কাছে আছে। একটা শতবর্ষ পার হয়ে আসা কলেজের এই নথি অমূল্য সম্পদ, বিশেষত পরবর্তী প্রজন্মের কাছে। তাঁরা উদ্যোগ নিলে এই নথি কলেজের তত্ত্বাবধানে রাখার ব্যবস্থা করলে এই অমূল্য সম্পদ ভবিষ্যতের কাছে একটা নজির হয়ে থাকবে। আশা করি উভয় কর্তৃপক্ষ বিষয়টি নিয়ে যথোপযুক্ত ব্যবস্থা নেবেন।

Su Banerji

**(সুধীন্দ্র কুমার বন্দ্যোপাধ্যায়)**

# স্মৃতি ঘেরা দিনগুলি



**ড. অমর কুমার চট্টোপাধ্যায়**
প্রাক্তন অধ্যাপক,সংস্কৃত বিভাগ
১৯৭৮-২০১১

মনে পড়ে যায় সেই স্মৃতি মুখর দিনগুলি যা কভু ভুলিবার নয় , দিনগুলি মনে হয় খুব শীঘ্রই অতিক্রান্ত হয়ে গেল। আশুতোষ কলেজ আমার শিক্ষকতার জীবনের প্রথম কর্মক্ষেত্র নয়, তার আগে চন্দননগর গভর্নমেন্ট কলেজে ও গোবরডাঙ্গা হিন্দু কলেজে কিছু বছর শিক্ষকতা করেছি। এরপরে আমি আশুতোষে শিক্ষকতা করি।আশুতোষ কলেজে শিক্ষকতা করতে করতে কলকাতা বিশ্ববিদ্যালয় ও বেলুড় বিদ্যামন্দিরের অতিথি অধ্যাপক রূপে কাজ করেছি। পরে অবসর গ্রহণের পর পশ্চিমবঙ্গ রাষ্ট্রীয় বিশ্ববিদ্যালয় এবং সংস্কৃত কলেজ ও বিশ্ববিদ্যালয়েও শিক্ষকতা করেছি।

আশুতোষ কলেজে আমি যখন শিক্ষকতা করি তখন কলেজে অধ্যক্ষ হিসেবে ছিলেন নীরদ ভট্টাচার্য মহাশয়। স্যার খুবই পান খেতেন। স্টাফরুমে যে একক একটি চেয়ার ছিল সেখানে তিনি সবসময় বসতেন। তিনি বেশ অনেকটা সময় অবধি কলেজের অধ্যক্ষের পদ অলংকৃত করেছিলেন।তারপর কলেজের অধ্যক্ষ হয়ে যিনি আসেন তিনি হলেন শুভঙ্কর বাবু। তবে তিনি কিছুদিন থাকার পরে রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয় চলে যান। সেই সময় বহু কৃতিমান ছাত্র-ছাত্রী কলেজে পড়ে গেছেন, যারা আজ বর্তমানে প্রতিষ্ঠিত হয়েছেন। আর আমি যখন অবসর গ্রহণ করি, তখন অধ্যক্ষ হিসেবে কলেজে যিনি ছিলেন তিনি হলেন দেবব্রত বাবু। আমার সঙ্গে অন্য বিভাগের বিষয়গত মিল থাক বা না থাকলেও আমার অবসরের দিনটিতে বেশ সৌহার্দ্যপূর্ণ সম্পর্ক তৈরি হয়ে গিয়েছিল সবার সঙ্গে। প্রসঙ্গত বলি, বাংলা বিভাগের অধ্যাপক ভাস্কর মৃধা কিছু প্রশ্নাবলী নির্মাণ করেছিলেন যা কিনা আমাকে ঘিরে। এই বিষয়টি আমার খুবই ভালো লেগেছিল। রবীন্দ্রনাথ বলে গেছেন সেই কাজে কোন আনন্দ নেই যে কাজ প্রয়োজনে করা হয়। বরং সেই কাজেই আনন্দ যে কাজ নিষ্প্রয়োজনে করা হয় । এখন বর্তমানে আর কোন শিক্ষাপ্রতিষ্ঠানে যেতে পারি না শারীরিক অসুস্থতার জন্য। এইতো কিছুদিন আগে নার্সিংহোমে ভর্তি হয়েছিলাম শ্বাসকষ্টজনিত কারণে। এখন একটু ভালো আছি। তাও বাইরে বের হতে পারি না সেদিন চেতলার ব্যাঙ্কে গিয়েছিলাম, কিন্তু গিয়ে হঠাৎ চলে আসতে হয়েছে হঠাৎ শ্বাসকষ্টজনিত বেদনা শুরু হয়ে গিয়েছিল। তাই এখন ঘরের মধ্যে থেকেই লেখাপড়ার কাজ করে থাকি।



**(অমর কুমার চট্টোপাধ্যায়)**

# আমার কলেজ — কিছু কথা



**কাশীনাথ কয়াল**
প্রাক্তন অধ্যাপক
৩০.০৩.১৯৯০ - ৩১.০১.২০০৪

১৯৬০ সালে আশুতোষ কলেজে ছাত্র হিসেবে যোগ দিই। পরিতোষবাবু আমার মাস্টারমশাই ছিলেন। আমি তিনটে কলেজে সুযোগ পেয়েছিলাম।কিন্তু আশুতোষ কলেজ আমার বাড়ির কাছে। আর আমি ইকোনোমিক্সে অনার্স পেয়েও গেলাম। আমার অঙ্ক ছিল না। তাই অন্য কলেজে ঐ বিষয়ে অনার্স পাচ্ছিলামও না। যাই হোক, আমি ইকোনমিক্স অনার্স নিয়ে আশুতোষ কলেজে ভর্তি হয়ে গেলাম। পরে পলিটিক্যাল সায়েন্সে চলে আসি।

সেসময়ে, আমাদের কলেজে খুব ভালো ছাত্ররাই আসত। মোটামুটি ভাবে মধ্যবিত্ত বাড়ির ছেলেপুলেরাই আসত। কলেজে ছাত্র রাজনীতিতে এস.এউ.সি.আই. এর প্রভাব ছিলো। পরের দিকে এস.এফ.আই. এসেছিল।

প্রিন্সিপ্যাল হিসেবে পাণ্ডিত্যের জন্য খগেন সেনকে মনে রাখতে হয়। নীরোদবাবু পল সায়েন্সের অধ্যাপক ছিলেন। প্রিন্সিপ্যাল হয়েছিলেন। আমাকে খুব স্নেহ করতেন।

কেশব চন্দ্র সেন এর সামাজিক ও রাজনৈতিক দর্শনের ওপর গবেষণা করেছিলাম। ইনকাম ট্যাক্সে কিছু দিন চাকরি করলেও, পরে আশুতোষ কলেজে চাকরি পেলাম ১৯৯৪-তে। অবসর নিলাম ২০০৪ - এ।

Kasinath Kayal
**(কাশীনাথ কয়াল)**

# স্মৃতিকথা



**স্বপন কুমার ব্রহ্ম**
প্রাক্তন রসায়ন ও এনভায়ার্নমেন্ট সায়েন্স বিভাগ
০১.০১.১৯৭৩ - ২৮.০২.২০১০

কয়েকদিন আগে ফিজিক্স ডিপার্টমেন্টের অধ্যাপিকা মনোরমা ফোনে আমাকে বলেন যদি সম্ভব হয় তাহলে আমার কলেজ সংক্রান্ত কিছু পুরোনো কথা লিখতে। আশুতোষ কলেজের বর্তমান কর্তৃপক্ষ কলেজ থেকে অবসরপ্রাপ্ত বিভিন্ন শিক্ষকদের কাছ থেকে কলেজের পুরোনো কথা সংগ্রহ করতে ইচ্ছে প্রকাশ করেছেন। আমি তাঁকে বলেছি যে আমার কলেজ সংক্রান্ত অনেক কথাই ভালো মনে নেই তাও যদি সম্ভব হয় তাহলে নিশ্চয়ই লিখব।

আজ প্রায় ১৩ বছর হল আমি কলেজ থেকে অবসর নিয়েছি। ২০১০ সালের ফেব্রুয়ারি মাসের শেষ দিনে আমি আশুতোষ কলেজ থেকে অবসর গ্রহণ করি। আমি আশুতোষ কলেজে কেমিষ্ট্রি ডিপার্টমেন্টে লেকচারার হিসাবে কাজে যোগ দিই ১৯৭৩ সালের ৬ (বা ৭ই) আগষ্ট। এই কলেজে আমার চাকরিজীবন প্রায় ৩৭ বছরের (মাঝে প্রায় তিন বছরের মতন অনুপস্থিত ছিলাম পোস্ট ডক্টোরাল স্কলার হিসাবে)। তাই এই রচনা আমার সমগ্র জীবনের একটি খণ্ড স্মৃতিকথা। আমি বিশ্ববিদ্যালয়ের ছাত্র থাকাকালীন প্রথম থেকেই স্কুল/কলেজে পড়ানোর কথা ভেবেছিলাম এবং সম্ভব হলে কলকাতায় থেকে। মনে পড়ছে যে ফাইনাল রেজাল্ট বেরোনোর কিছু আগে তিনটি কলেজের বিজ্ঞপ্তি বেরিয়েছিল লেকচারার পদের জন্য, এর মধ্যে একটি আশুতোষ কলেজ (আর দুটোর নাম বলছি না)। আমি এই তিনটিতেই দরখাস্ত করি। রেজাল্ট বেরোনোর এক সপ্তাহ কি দু সপ্তাহ পরেই আমাকে একটা কলেজ থেকে ইন্টারভিউ দেওয়ার জন্য ডাকে। আমি সেই কলেজে চাকরি করার জন্য নির্বাচিত হই এবং অ্যাপয়েন্টমেন্টের চিঠি পেলে যোগ দিই। সেখানে লেকচারার পদে কাজ করতে করতে প্রায় পাঁচ-ছয় মাস পরে আশুতোষ কলেজ থেকে ইন্টারভিউ দেবার জন্য ডাক পাই। এই ইন্টারভিউ হয়েছিল স্যার আশুতোষের বাড়িতে জগুবাবুর বাজারের গায়েই (ঠিকানা মনে পড়ছে না)। ইন্টারভিউয়ে এক্সপার্ট হিসাবে এসেছিলেন আমাদেরই শিক্ষক তথা কলকাতা বিশ্ববিদ্যালয়ের রসায়ন বিভাগের তৎকালীন প্রধান শ্রদ্ধেয় অধ্যাপিকা অসীমা চট্টোপাধ্যায়। ইন্টারভিউ বোর্ডে উপস্থিত হয়ে সেই প্রথম দেখলাম মাননীয় রমাপ্রসাদ মুখার্জীকেও। আমি এই চাকরিটা পেয়েছিলাম। অ্যাপয়েন্টমেন্ট পেয়ে আমি তো পড়লাম ফাঁপড়ে। তখন যে কলেজে পড়াচ্ছিলাম আর আশুতোষ কলেজ — এই দুটির অবস্থান দক্ষিণ কলকাতায়। আমি তখন যেখানে থাকি অর্থাৎ ঢাকুরিয়া সেখান থেকে দুটো কলেজ মোটামুটি কাছেই। অনেকের সঙ্গে পরামর্শ করে

ঠিক করলাম আশুতোষ কলেজে জয়েন করব কারণ তখনও পর্যন্ত যে কলেজে পড়াচ্ছিলাম সেটা তখন পাশ ডিগ্রীর কলেজ ছিল। আর আশুতোষ কলেজ হল অনার্স কলেজ এবং কলেজ হিসাবে অপেক্ষাকৃত নামী কলেজ। আর একটা গৌণ কারণ ছিল। কলকাতায় পড়তে এসে এম.এসসি - র ছাত্রদের মধ্যে যে কয়েকজন বন্ধু তৈরি হয়েছিল তাদের মধ্যে একজন হচ্ছে আমাদের বন্ধু অঞ্জন। পরবর্তীকালে এবং বর্তমানে আমার ঘনিষ্ট বন্ধুবৃত্তের মধ্যে সে একজন। সে ছিল আশুতোষ কলেজের ছাত্র। ইউনিভার্সিটিতে পড়াকালীন বেশ কয়েকবার তার কাছে আশুতোষ কলেজের রসায়ন বিভাগের কয়েকজন অধ্যাপকের নাম শুনেছিলাম। সে তাঁদের বিষয় সম্পর্কের জ্ঞান ও পড়ানোর উচ্চ প্রশংসা করত। এসব কথায় মনে উৎসাহ তৈরি হয়েছিল এবং আশুতোষ কলেজে যোগ দেওয়ার ব্যাপারে সিদ্ধান্ত নিয়েছিলাম। নির্দিষ্ট দিনে কলেজে যোগ দিতে গেলাম দুরু দুরু বুকে সোজা প্রিন্সিপ্যালের ঘরে। এই প্রথম চিনলাম প্রিন্সিপ্যাল অধ্যাপক নীরদ সি ভট্টাচার্যকে এতো কাছ থেকে (তাঁকে ইন্টারভিউ দেওয়ার দিন দেখেছি কিন্তু তখন তো অন্য আবহাওয়া এবং বুঝতাম না কে প্রিন্সিপ্যাল)। তিনি সাদরে আমাকে গ্রহণ করা মাত্রই আমার ভয় কেটে গেল। মনে পড়ছে বেলা ১২টার কাছাকাছি সময়ে তাঁর সামনে একটা চেয়ারে বসে আছি, আমার জয়েনিং চিঠিটা দেওয়ার পর তিনি তার উপর কমেন্ট লিখে ফাইলস্থ করবার জন্য কাছেই থাকা একজনকে নির্দেশ দিলেন। অফিসিয়াল কাজ শেষ করে কিছুক্ষণ পরে বললেন, চল তোমাকে টিচার্স রুমে নিয়ে যাই। তিনি আমাকে নিয়ে সেই ঘরে গেলেন। সেই সময়ে ভরা ক্লাশ চলছে তাই যে কয়জন অধ্যাপক সেখানে উপস্থিত ছিলেন তাঁদের সঙ্গে পরিচয় করিয়ে দিলেন। সবার নাম মনে পড়ছে না তবে কয়েকজনের কথা মনে আছে। এই অধ্যাপকরা হলেন অজিত কৃষ্ণ বসু, পতিতপাবন ব্যানার্জি, সুকুমার বাবু(ব্যানার্জী), প্রণয় বল্লভ সেন, পরিমল কর, কান্তিশ মাইতি প্রভৃতি। পরে আরও ধীরে ধীরে পরিচয় হয়েছিল আর সবার সঙ্গে এবং নামও জেনেছিলাম। এঁদের অনেকেই ছিলেন বাঘা বাঘা পন্ডিত মানুষ সব আর নিরহঙ্কার চরিত্রের। মনে পড়ে সংস্কৃতের হেড অধ্যাপক সত্যেন ভাদুড়ির কথা। ছয় ফুটের উপর লম্বা, আর বাঙালি ঘরানার ধবধবে ফর্সা মানুষ। ধুতি পাঞ্জাবি পড়তেন। কী তার অসামান্য কথা বলার স্টাইল আর কি তার জ্ঞান। ইতিহাসের প্রফেসর প্রণয় বল্লভ সেন — অনেক পরে একদিন বললেন বাচ্চারা যাতে ইতিহাসমুখী হয় তার জন্য একটা বই লিখেছেন নাম দিলেন 'ইতিহাস মানচিত্রে'। বাংলার অধ্যাপক সুকুমার ব্যানার্জি। আশ্চর্য তাঁর স্মরণশক্তি। পাতার পর পাতা শুধু আবৃত্তির ঢঙে বাংলা সাহিত্য থেকে বলে যেতেন। প্রফেসর পরিমল কর বা প্রফেসর পরিতোষ বোস কী সুন্দরভাবে যুক্তি দিয়ে ব্যাখ্যা করতেন আমাদের মাস্টারমশাইদের মিটিঙে। সবার সঙ্গে যে সব সময় দেখা হত তা নয়। মাপ করবেন অনেক গুরুস্থানীয় মাস্টার মশাইদের নাম বাদ গেল। যে সব শ্রদ্ধেয় সহকর্মীদের নাম ভুলে গেছি বা মনে করতে পারছিনা তাঁদের সবার কাছেই আমি কোন না কোনভাবে ঋণী। ইংরেজি, বাংলা, সংস্কৃত, ইতিহাস, পলিটিক্যাল সায়েন্স, ফিলসফি, ইকোনমিক্স, অঙ্ক এবং হিন্দির মাস্টারমশাইরা সবাই এই টিচার্স রুমে বসতেন। অন্য ডিপার্টমেন্টের টিচাররা টিচার্স রুমে আসতেন একটু রিল্যাক্স করতে ও চা পান করতে। টিচারদের চা করার জায়গাটি ছিল টিচার্স রুমের এক প্রান্তে অর্থাৎ ঘরে ঢুকেই ডানদিকে। তখন টিচার্স রুমের আরও একটা জিনিস ছিল লক্ষণীয়। রুমে ঢুকেই বাঁহাতে ও ডানহাতে দুদিকে অধ্যাপকদের বসবার জায়গা। একধারে সিনিয়র অধ্যাপকরা বসতেন। যেটাকে মজা করে অনেকে House of Lords আর অন্যদিকে জুনিয়র অধ্যাপকরা বসতেন যাকে House of Commons বলতেন। কোন কোন মাস্টারমশাই একদিক ছেড়ে অন্যদিকে যেতেন অধিকতর মজা পাবার জন্য।

কলেজে মাস্টারমশাইদের সবাইয়ের টিচার্স রুমের মত একটা ঘরেই একসঙ্গে বসবার মত জায়গা ছিল না। প্রায় একশো জন শিক্ষকদের বসবার ঘরও ছিল না আমাদের এই টিচার্স রুম। বায়ো-সায়েন্স (অর্থাৎ বোটানি, জুলজি;

তখন এই ডিপার্টমেন্টের অধ্যাপকরা এক ঘরেই বসতেন; পরে বোটানি ডিপার্টমেন্ট অনার্সে অ্যাফিলিয়েশন পাওয়ার পর ওখানেই কাছে আলাদা জায়গা পায় অধ্যাপকদের বসার জন্য) ছাড়াও জিওলজি, স্ট্যাটিসটিক্স, জিওগ্রাফি, কেমিস্ট্রি ও ফিজিক্স ডিপার্টমেন্টের টিচারদের কলেজ বিল্ডিং এর বিভিন্ন ঘরে বসবার জায়গা ছিল। মনে হচ্ছে কলেজে তখন মোট ১৪ টা ডিপার্টমেন্ট ছিল। তার মধ্যে কেমিষ্ট্রি ও ফিজিক্স এই দুটো ডিপার্টমেন্ট সব থেকে বড়। সত্তরের দশকের প্রথম দিকে আমি যখন লেকচারার হয়ে ঢুকি কলেজে তখন আমাদের রসায়ন বিভাগে ১৬ জন ও ফিজিক্সেও প্রায় সমসংখ্যক অধ্যাপক/শিক্ষক ছিলেন। ঠিক সমসংখ্যক অশিক্ষক কর্মচারীও ছিলেন আমাদের ডিপার্টমেন্টে।

পরিচয় পর্ব মেটার পর প্রিন্সিপ্যাল আমাকে বললেন কেমিষ্ট্রি ডিপার্টমেন্টে গিয়ে প্রফেসরদের সঙ্গে পরিচয় করতে এবং ক্লাশ কিরকম নিতে হবে সেসব আলোচনা করতে। একতলায় নেমে এসে ডিপার্টমেন্টের ঘরে এসে রসায়ন বিভাগের হেড অধ্যাপক গোবিন্দ লাল বন্দ্যোপাধ্যায়ের কাছে আমার পরিচয় দিতেই (উনি আমাকে ইন্টারভিউ দেওয়ার দিনে উপস্থিত ছিলেন কিন্তু পরে জেনেছিলাম আমি দেখতে কেমন সেটা ওঁনার মনে ছিল না) উনি আমাকে বসিয়ে যথারীতি তখন যাঁরা উপস্থিত ছিলেন তাঁদের সবার সঙ্গে পরিচয় করিয়ে দিলেন। তখন সপ্তাহে একদিন করে মাস্টারমশাইদের অফ্ ডে থাকত। তাঁদের মধ্যে তিন-চারজনের নাম আমি আগেই বন্ধুর মুখে শুনেছি। এঁরা হলেন SKS(সুনীল কুমার সিদ্ধান্ত), SBR(সুবীর বসু রায়), SNB(সমরেন্দ্রনাথ বসু), BB (বিমল চন্দ্র বেরা)। তাই দুদিন লেগে গেল সবার সঙ্গে পরিচয় হতে। আমি নতুন যোগদান করেছি ডিপার্টমেন্টে, তাঁর উপরে খুব অল্প বয়স (২৩ বছরেরও কম)। ধীরে ধীরে সবাই আমাকে সহানুভূতির চোখে দেখতে আরম্ভ করলেন। আমিও আস্কারা পেয়ে বেড়ে উঠলাম। কিছুদিনের মধ্যে আমিও এই রসায়ন বিভাগের ফ্যামিলির সভ্য তৈরি হয়ে গেলাম। এঁদের মধ্যে দু-একজন ছিলেন যাঁদের সম্বন্ধে না বললেই নয়। প্রথমজন হচ্ছেন SNB অফুরন্ত শক্তির আধার ছিল এই মানুষটা। নিজের করণীয় কাজ ছাড়াও তিনি কলেজ সংক্রান্ত সব কাজেই থাকতেন, অনেকদিন ধরে কলেজের গভর্ণিং বডির সদস্য ছিলেন। ডিপার্টমেন্টে সবারই প্রিয় ছিলেন, সবার কথা শুনতেন আর আমার মতো জুনিয়র সহকর্মীকে আগলে রাখার দায়িত্ব যেন নিজে নিজেই কাঁধে তুলে নিয়েছিলেন। আর একজন ছিলেন SBR, যিনি একটি রাজনৈতিক দলের সক্রিয় উচ্চপদস্থ নেতা ছিলেন। কিন্তু তাঁর বিষয়ে বলতে গেলে মাথা এমনি এমনি নীচু হয়ে আসে। তাঁর মত ডেডিকেটেড শিক্ষক তখন কেন আজও খুব কম। অদ্ভুত প্যাশন ছিল তাঁর পড়ানোতে। অন্য কলেজের ছাত্ররাও আসত তাঁর ক্লাস করতে। একটু আগে SNB - র কথা বলেছি তিনি ছিলেন ডিপার্টমেন্টের কোহেসিভ ফোর্সের মত। আমি তাড়াতাড়িই SNB - র এক শিষ্য হয়ে পড়েছিলাম। তাঁর সূত্রেই কলেজের অনেক খবর জানতে পারতাম। কখনও কখনও আমরা দুজনে কলেজ সংক্রান্ত আলোচনায় ঘন্টার পর ঘন্টা কাটিয়ে দিতাম, কখনও দেশপ্রিয় পার্কের আশে পাশে আর খুব জরুরী হলে অধ্যাপক পরিমল করের বাড়িতে, কালিঘাটে।

আমি কলেজে যোগ দেবার পর অর্থাৎ সত্তরের গোড়া থেকে ১৯৮০ সালের মধ্যে অনেকগুলি বড় পরিবর্তন (দু/তিনটির কথা মনে আছে আবছা আবছা) হয়েছে। তার মধ্যে কলেজে একটা বিশাল ঘটনার সাক্ষী আমাদের সম্মুখে হাজির হয়েছিল। তখন আমাদের কলেজ আশুতোষ গ্রুপ অফ কলেজেস-এর অধীনে একটি কলেজ ছিল। এর অধীনে আরও দুটি কলেজ একটি সকালে নাম যোগমায়া দেবী কলেজ ও রাতে শ্যামাপ্রসাদ কলেজ। মূল গভর্ণিং বডি একটিই ছিল(যা মূল সংস্থা আশুতোষ মেমোরিয়াল ইনষ্টিটিউটের আন্ডারে)। শুধু যখন যে কলেজের জন্য গভর্ণিং বডির মিটিং ডাকা হত তাঁর অধ্যক্ষরা সেই মিটিঙে যোগ দিতেন। আমি কলেজে যোগ দেবার কিছুদিন পরে দেখলাম আমাদের কলেজের শিক্ষকদের সঙ্গে গভর্ণিং বডির সম্পাদক ও প্রেসিডেন্টের সঙ্গে(প্রধানত এঁরাই কলেজ কর্তৃপক্ষ; অন্যরাও ছিলেন কিন্তু প্রথম দুজনই ছিলেন প্রধান। গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত

তাঁরাই নিতেন) একটা বিষয়ে গুরুতর মতভেদ চলছে। আর তা হচ্ছে কলেজ থেকে শিক্ষক প্রতিনিধি কজন থাকবেন গভর্ণিং বডির কমিটিতে। যদিও এই মতভেদ নতুন কোন ঘটনা নয়, তারও আগে ডি.এ নিয়েও একটা মতবিরোধ হয়েছিল এবং তিন কলেজের শিক্ষকদের সঙ্ঘবদ্ধ আন্দোলনে কলেজ শিক্ষকরা তাঁদের ন্যায্য প্রাপ্য পাওনা পান। সম্ভবত সেই প্রাথমিক মতবিরোধের উপচে পড়া সমস্যা অন্য ভাবে উঠে এসেছিল(আমি জানতাম কিন্তু মনে করতে পারছি না)। আশুতোষ কলেজের গভর্ণিং বডিতে কলকাতা বিশ্ববিদ্যালয়ের নিয়ম অনুযায়ী কতজন কলেজ থেকে শিক্ষক প্রতিনিধি থাকবে এটাই ছিল তখন মুখ্য বিষয়। তখনকার কলেজ কর্তৃপক্ষ সে ব্যাপারে বিশ্ববিদ্যালয়ের আইনকে মেনে চলতেন না। সেই কাজ আইন মাফিক করার জন্য যে নিরন্তর কাজ করতে হয়েছে তা আমি চোখের সামনে করতে দেখেছি আমাদের ডিপার্টমেন্টের SNB - কে ও সংস্কৃতের অধ্যাপক সত্যেন ভাদুড়ীকে। পিছন থেকে মূল পরামর্শদাতা ছিলেন অধ্যাপক পরিমল কর যিনি নিজেও আগে কলেজ গভর্ণিং বডির সদস্য ছিলেন (সম্ভবত পরেও হয়েছেন)। পরিমল করের বাড়িতে এ নিয়ে বিস্তৃত আলোচনা হত। এঁনার সঙ্গে কলেজের প্রেসিডেন্ট শ্রদ্ধেয় রমাপ্রসাদ মুখার্জীরও খুব ভালো সম্পর্ক ছিল। পরে এই ব্যাপারটা কলকাতা বিশ্ববিদ্যালয় নিজে হস্তক্ষেপ করে এবং ১৯৭৬ সাল থেকে কলেজের গভর্ণিং বডি একটা স্বাধীন অটোনমাস বডি হিসাবে কাজ আরম্ভ করে। অন্য দুটি কলেজের ক্ষেত্রেও তাই। এর অর্থ হল এই তিনটি কলেজের পরিচালনা আর আশুতোষ মেমোরিয়াল ইনস্টিটিউট পরিচালিত গভর্ণিং বডি কলেজ পরিচালনার ক্ষেত্রে হস্তক্ষেপ করতে পারবে না (এক্ষেত্রে একটা বিষয় পরিষ্কার থাকা দরকার যে আশুতোষ মেমোরিয়াল ইনস্টিটিউট যেমন ইউনিভার্সিটির নিয়ম অনুযায়ি কলেজ গভর্ণিং বডির কাজে হস্তক্ষেপ করতে পারবে না এটা যেমন সত্য তেমনি আশুতোষ গ্রুপ অফ কলেজের বিল্ডিং - এর ব্যাপারে তাত্বিকভাবে বা লিগ্যালি নাক গলাতে পারবে)। কলকাতা বিশ্ববিদ্যালয় আমাদের কলেজ অ্যাডমিনিস্ট্রেশন চালানোর জন্য বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক মণীন্দ্রমোহন চক্রবর্তীর নেতৃত্বে একটা অ্যাডহক কমিটি তৈরি করে দেন। সেই থেকেই আমাদের কলেজের গভর্ণিং বডির সদস্যরা কলকাতা বিশ্ববিদ্যালয়ের অনুমোদিত আইন অনুযায়ী চালিত হত। তখন থেকেই অধ্যাপকদের মধ্য থেকে চারজন সদস্য এবং অশিক্ষক কর্মচারিদের মধ্যে থেকে দুজন সদস্য কলেজ গভর্ণিং বডিতে থেকে সুষ্ঠুভাবে কলেজ চালিত হয় (ভুলও হতে পারে)। সম্ভবত এই সময়ের মধ্যেই প্রিন্সিপ্যাল নীরদ ভট্টাচার্য অবসর গ্রহণ করেন। তাঁর কলেজ থেকে অবসর খুব সুখের হয় নি, এর দুটি কারণ ছিল। প্রথমটি হল তখন কলেজের সঙ্গে পুরোনো গভর্নিং বডির ঝামেলা শেষ সময়ের কাছাকাছি। দ্বিতীয়টি হল তখন অনেকেই মনে করতেন তিনি পুরোনো গভর্ণিং বডির কর্তৃপক্ষের কাছের মানুষ। যাই হোক্, এর পর কলেজে বেশ কিছুদিন প্রায় তিন/চার বছর প্রিন্সিপ্যাল ছিলেন না। তখন অধ্যাপক দুলাল মিত্র ভাইস প্রিন্সিপ্যাল ছিলেন। তিনি অ্যাকটিং প্রিন্সিপ্যাল হিসাবে কাজ চালাতেন। মাঝখানে দু/একজন প্রিন্সিপ্যাল হিসাবে কাজে যোগ দিয়েও কাজ ছেড়ে দিয়েছেন। এর পরেই আসেন প্রিন্সিপ্যাল শুভঙ্কর চক্রবর্তী মহাশয়(সম্ভবত ১৯৭৯/৮০ সালে)। উনি বেসিক্যালি শান্তিপুর কলেজে বাংলার অধ্যাপক ছিলেন।

আরও দুটি বড় কাজ হয়েছিল ১৯৮০ সালের আগে। তা হচ্ছে উপরিউক্ত তিন কলেজের নামে একটা যৌথ সম্পত্তি ছিল দেড় বিঘা'র কাছাকাছি ঠিক কলেজের পেছনে। ১৯৭৬ সালে আশুতোষ কলেজ এই সম্পত্তিটি অন্য দুটি কলেজের নামে হস্তান্তরিত করে তাদের কলেজ বিল্ডিং তৈরির জন্য। একটিতে যোগমায়া দেবী কলেজ বিল্ডিং ও অন্যটি শ্যামাপ্রসাদ কলেজের নিজস্ব বিল্ডিং হয়। আশুতোষ কলেজ অনেকদিন আগে কোনও একটি কলেজ থেকে(ঠিক মনে নেই) একটা বড় অঙ্কের অর্থ ধার নিয়েছিল। জমি হস্তান্তরের পর থেকে আশুতোষ কলেজ ঋণমুক্ত হয়। আর বসন্ত বসু রোডের উপর যে দশ কাঠার কাছাকাছি জমি ছিল সেটা পুরোপুরি আশুতোষ কলেজের থাকল। এখানে দীর্ঘদিন ধরে শ্যামাপ্রসাদ ব্যায়ামাগার ছিল।

কলেজের ইনফ্রাস্ট্রাকচারের প্রভূত উন্নতি হয় প্রিন্সিপ্যাল শুভঙ্কর চক্রবর্তীর আমলে। তিনি কলেজের বসন্ত বোস রোডের জমির উপরে চারতলা বাড়ি তৈরি করেন। তখনও যতদুর মনে পড়ছে অধ্যাপক SNB - র সক্রিয়তা ছিল তুঙ্গে। এখানেই 'আশুতোষ কলেজ ট্রেনিং সেন্টার' খোলা হয়। এখানে কম্পিউটার ট্রেনিং সেন্টার (বাইরের একটি সংগঠনের সহযোগিতায়), ও বিভিন্ন ধরণের প্রতিযোগিতামূলক পরীক্ষা প্রস্তুতির কেন্দ্র এবং সেফটি ইঞ্জিনিয়ারিং ও ম্যানেজমেন্ট বিভাগও খোলা হয়। এর সঙ্গে আরও একটি মৌলিক বিভাগ খোলা হয় এবং সেটি হল 'ভাষা পরীক্ষাগার'। এখানে প্রধানত কলেজের ছাত্রছাত্রীদের অথবা উপযুক্ত পরীক্ষার্থীদের ইংরাজিতে কথোপকথন ও ইন্টারভিউ ভালোভাবে দেওয়ার জন্য এই বিভাগটা খোলা হয়। পরবর্তীতে এগুলির মধ্যে কিছু কিছু টিকে গেছে।

তখন আমাদের আশুতোষ কলেজে কেমিষ্ট্রি ডিপার্টমেন্টে ছাত্রের সংখ্যা প্রচুর। কেমিষ্ট্রি পাশ কোর্সে বড় দুটো সেকশন একটা হচ্ছে পিওর কেমিষ্ট্রি সেকশন আর অন্যটি হচ্ছে বায়োসায়েন্স সেকশন। এছাড়া অনার্স সেকশন। কয়েক বছর পরে আমার ঠিক মনে পড়ছেনা আমাদের কলেজে ইলেভেন-টুয়েল্ভ সায়েন্স সেকশনও চালু হয়েছিল। ছাত্রের সংখ্যা অনেক বেড়ে যাওয়ায় আমাদের কেমিষ্ট্রি ডিপার্টমেন্ট বেশ চাপের মধ্যে ছিল ছাত্র সংখ্যার জন্য। প্রায় কুড়ি বছর(ঠিক মনে পড়ছে না) পর তা আবার উঠেও যায়।

১৯৮০ ও ১৯৯০ - র মধ্যে শুভঙ্করবাবুর কাজগুলোর কথা কিছু বলেছি। আরও দু-একটা কথা মনে পড়ছে। আমাদের কলেজ তখন ছিল শুধুমাত্র ছাত্রদের কলেজ এবং শিক্ষকরা সবাই পুরুষ। কিছুদিনের মধ্যে কলেজে প্রথম মহিলা অধ্যাপিকা কাজে যোগ দিলেন। তিনি হলেন বাংলা বিভাগের বাসন্তীদি (পদবী মনে পড়ছে না)। কলেজে একসময় দেখা যায় যে হিউম্যানিটিজ বিভাগে ছাত্রের সংখ্যা খুব কম যদিও সায়েন্সে বিশেষ করে ফিজিক্স ও কেমিষ্ট্রিতে সেরকম কোন প্রভাব নেই। কিন্তু হিউম্যানিটিজ সেকশনে অধ্যাপকের সংখ্যা বেশ ভালো। তাই প্রস্তাব হল আমাদের কলেজও কোএডুকেশন চালু হবে এবং প্রিন্সিপ্যাল তা কার্যকর করেছিলেন। তাঁর আমলে পঠনপাঠনে যেমন তিনি নজর রাখতেন তেমনি ছাত্রছাত্রীরা যাতে নিজেদের পছন্দ অনুযায়ী পড়তে পারে সেদিকেও তাঁর নজর ছিল। কম্প্যুউটার সায়েন্স অনার্স ও ইনডাস্ট্রিয়াল ফিস ও ফিসারিজ, সোশিওলজি বিভাগ খোলা হয়েছিল সম্ভবত সেই সময়ের কাছাকাছি।

শুভঙ্করবাবু আমাদের এই কলেজে প্রায় দু-দশক প্রিন্সিপ্যাল হিসাবে কাজ করেছেন (১৯৯৭ সালের মধ্যামধ্যি)। উনি আমাদের কলেজ থেকে রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ে উপাচার্য হিসাবে যোগ দেন। কলেজে ভারপ্রাপ্ত প্রিন্সিপ্যাল হিসাবে সুধীনদা(ফিজিক্স বিভাগের অধ্যাপক সুধীন্দ্রকুমার বন্দ্যোপাধ্যায়) দায়িত্ব নিয়েছিলেন। ভারপ্রাপ্ত প্রিন্সিপ্যালরা আইনত গুরুত্বপূর্ণ কোন দায়িত্বপূর্ণ কাজ নেওয়ার অধিকারি নন। শুধু সুষ্ঠুভাবে ক্লাস সামলানোর সঙ্গে সঙ্গে প্রতিদিনকার কাজ চালিয়ে যাবার আর ছোট খাট আর্থিক দায়িত্ব সামলানো কাজ ছিল প্রধানত। সুধীনদার ক্ষেত্রেও সেটা ব্যতিক্রম হয় নি। এর পর ড. দেবব্রত চৌধুরী (সংক্ষেপে আমাদের দেবু বাবু) স্থায়ী প্রিন্সিপ্যাল হিসাবে কলেজে যোগ দেন। তিনি আগে বড়িশা বিবেকানন্দ কলেজের কেমিস্ট্রির অধ্যাপক ছিলেন এবং বিশ্ববিদ্যালয়ে আমার দু-বছরের সিনিয়র ছিলেন। সেটা প্রায় ২০০০ সালের শেষ মাসের দিকে। দেবুবাবুও তাঁর সময়ে অনেকগুলি উন্নয়নমূলক কাজ করেছিলেন। কলেজের পরিকাঠামো উন্নয়নে মেন বিল্ডিং এর উপরে একটা নতুন তলা(অর্থাৎ পাঁচ তলা) তৈরি করা ছাড়াও তাঁর নেতৃত্বে আরও কিছু নতুন বিভাগ যেমন ইলেকট্রনিক্স,মাইক্রোবায়োলজি, বায়েকেমিষ্ট্রি, সাইকোলজি, জার্নালিজম, মাস কমিউনিকেশন, কমিউনিকেটিভ ইংলিশ এবং বি.বি.এ বিভাগ খোলা হয়েছিল। এছাড়া আরও দুটো গুরুত্বপূর্ণ কাজ তিনি করেছিলেন। একটি হল দক্ষিণ চব্বিশ পরগণার জোকাতে তিনি ৩০ বিঘার বেশি একটা জমি কিনেছিলেন আশুতোষ কলেজের

দ্বিতীয় ক্যাম্পাস তৈরির জন্য। আর দ্বিতীয়টি হল এনভায়ার্নমেন্ট সায়েন্সে মাষ্টার্স ডিগ্রী (M.Sc) খোলা। এই ডিপার্টমেন্টটি কলকাতা বিশ্ববিদ্যালয়ের বাইরে প্রথম পোস্ট গ্রাজুয়েট ডিপার্টমেন্ট ছিল তাই এই বিভাগের সফলতা সেই সময়ের ক্ষেত্রে এক চ্যালেঞ্জ ছিল। এই কাজটার জন্য প্রিন্সিপ্যাল দেবব্রত চৌধুরী আমাকে ও অধ্যাপক ভবানী জোয়ারদারকে ভার দিয়েছিলেন। এটা ২০০২ সালে। প্রিন্সিপ্যাল চৌধুরী আমাদেরকে পূর্ণ স্বাধীনতা দিয়েছিলেন। এ প্রসঙ্গে আমি একটু বলে নিই আমার কথা। আমাকে কেন প্রিন্সিপ্যাল জয়েন্ট কো-অর্ডানিটর করেছিলেন? অধ্যাপক ভবানী জোয়ারদারকে প্রিন্সিপ্যাল চৌধুরী কেন আরও একজন জয়েন্ট কো-অর্ডানিটর করেছিলেন তার পিছনের ঘটনা জানি না। তবে আমার মনে হয় একটা বড় কারণ হতে পারে ভবানীবাবু জুলজি ও বোটানি ডিপার্টমেন্ট মিলে সিনিয়র মোস্ট অধ্যাপক ছিলেন। এবার আসি আমার ব্যাপারে। কিছু দিন যাবৎ টিচার্স রুমে বিশ্রাম নেবার সময় কানাঘুঁষা কানে আসছিল যে আমাদের প্রিন্সিপ্যাল পোস্ট গ্রাজুয়েট ডিপার্টমেন্ট খোলার জন্য কলকাতা বিশ্ববিদ্যালয়ের সর্বোচ্চ জায়গায় খুব তদ্বির করছেন। এই বিষয়ে কলেজের কয়েকজন অধ্যাপক বন্ধু প্রিন্সিপ্যালকে খুব উৎসাহ দিচ্ছিলেন। সম্ভবত বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ 'এনভায়ার্নমেন্ট বিভাগে' পোস্ট গ্রাজুয়েট খোলার ব্যাপারে সম্মতি দিয়েছিলেন কিন্তু কতকগুলি শর্তে। আমার পূর্বোক্ত বন্ধুরা এ ব্যাপারে খুব অগ্রণী ভূমিকা নিয়েছিলেন। যাই হোক এর মধ্যে ইউনিভার্সিটি থেকে একটা ফ্যাক্ট ফাইন্ডিং টিম কলেজ পরিদর্শনে আসেন আশুতোষ কলেজে এই ধরনের ডিপার্টমেন্ট খুলতে সেরকম জায়গা যথেষ্ট আছে কি না। আমি শুনেছি কিন্তু আমি তখনও সম্মুখে উপস্থিত ছিলাম না। প্রিন্সিপ্যাল ও আমাদের কিছু কলিগ উপস্থিত ছিলেন সে দিন(যাদের মধ্যে উপরোক্ত 'কলিগ'রাও ছিলেন)। বিশ্ববিদ্যালয়ের সদস্যদের প্রস্তাবিত জায়গা (Space) দেখে পছন্দ হয়েছিল কিন্তু সম্পূর্ণ সন্তুষ্ট হন নি। তাঁরা ফিরে যাবার সময় বলেছিলেন (পরে শুনেছি বিশ্ববিদ্যালয়ের তরফ থেকে যিনি প্রধান হয়ে এসেছিলেন তাঁর কাছে) সাফিসিয়েন্ট জায়গা এটা মোটেই নয়। যাই হোক তাঁরা পারমিশন দেবেন যদি ল্যাবরেটরি তৈরির জন্য কতগুলো যন্ত্র (প্রায় বারোটা) কিনে যে ঘরে ল্যাবরেটরি হবে সেখানে কিনতে হবে অথবা যদি সাপ্লায়ার সেসব যন্ত্র একটা নির্দিষ্ট তারিখের মধ্যে ডেলিভারি দিতে না পারে তাহলে কেনার অর্ডারের কাগজ প্রমাণ হিসাবে দেখাতে হবে। আর এমন একজনকে ইনচার্জ করতে হবে যার এনভায়ার্নমেন্ট গবেষণা কাজে একটু আধটু অভিজ্ঞতা/পেপার পাবলিকেশন আছে। ঠিক দু-একদিন বাদেই প্রিন্সিপ্যাল একদিন সকালে আমাকে বাড়িতে ফোন করেন। আমাকে অধ্যাপক জোয়ারদারের সঙ্গে যুগ্মভাবে এই ডিপার্টমেন্ট চালাতে হবে। আমরা যাতে সম্পূর্ণ স্বাধীনভাবে ডিপার্টমেন্ট চালাতে পারি সে ব্যাপারে (শুধু কিছু কিছু প্রধান খবর তাঁকে জানিয়ে রাখতে) তিনি পূর্ণ স্বাধীনতা দেবার প্রতিশ্রুতি দিয়েছিলেন। সেইদিন কলেজে প্রিন্সিপ্যালের সঙ্গে দেখা করতে গেলেই বললেন যে বিশ্ববিদ্যালয়ের নির্দেশ অনুযায়ী যত তাড়াতাড়ি সব যন্ত্র কেনার অর্ডার দিতে।

কিন্তু সেই সময় যে সব এজেন্টের মাধ্যমে আমাদের কলকাতা শহরে বিভিন্ন ইনস্টিটিউট/রিসার্চ ল্যাবরেটরি প্রভৃতি জায়গা থেকে এসব অর্ডার দিতে হয় তাদের খোঁজ পাওয়া, কোন জিনিস কেনা হবে এসব ব্যাপারে সিদ্ধান্ত নেওয়া অনেক সময়ের ব্যাপার। তাছাড়া সমস্ত কেনাকাটা কয়েক লাখ টাকার ব্যাপার। প্রিন্সিপ্যাল চৌধুরীকেও প্রশাসনিক ভাবেও এ জন্য আলাদা অর্থের ব্যবস্থা করতে হবে। অথচ কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে দ্বিতীয় পরিদর্শনের সময় চলে এল। বেশ জটিল পরিস্থিতি। তখন প্রিন্সিপ্যাল চৌধুরীর সঙ্গে এ নিয়ে আলোচনা চলাকালীন আমি তাঁকে বলেছিলাম যন্ত্র যদিও দু-একটা অর্ডার দেওয়া হয়েছে কিন্তু বাদ বাকি যন্ত্রর (বিশ্ববিদ্যালয়ের আদেশ অনুযায়ী) ব্যবস্থা হয়ে যাবে সাময়িকভাবে শুধু আমাকে কয়েকদিনের গাড়ি ভাড়া দিতে হবে। সৌভাগ্যবশত সেই সময়ে আমার এক বন্ধু কলকাতার এক নামকরা কলেজের অধ্যক্ষ ছিলেন। তিনিও রসায়নের ছাত্র। তাঁকে সব জানিয়ে আমি অনুরোধ করেছিলাম ঐ সব বাদ বাক যন্ত্র কয়েকদিনের জন্য

ধার দিতে যাতে কিনা বিশ্ববিদ্যালয়ের ফ্যাক্ট ফাইন্ডিং টিম সন্তুষ্ট হন এবং পোস্ট গ্রাজুয়েট ডিপার্টমেন্ট খোলার অনুমতি দেন। আমার সেই বন্ধু সেই অনুরোধ রক্ষা করেছিলেন এবং আমি ট্যাক্সি করে গিয়ে দু দিনে যন্ত্র নিয়ে এসে সাজিয়ে রেখেছিলাম। শেষে এই পরিকল্পনা সফল হয়েছিল এবং বিশ্ববিদ্যালয়ের ভিজিটিং টিম্ যন্ত্রপাতি দেখে খুশি হয়েছিলেন। সবচেয়ে বেশি খুশি হয়েছিলেন 'হাই ভলিউম স্যাম্পলার' দেখে। আমি শুনেছিলাম বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ডিপার্টমেন্ট তখনও ঐ যন্ত্রটা কিনে উঠতে পারে নি। যাই হোক আমাদের পোস্ট গ্রাজুয়েট ডিপার্টমেন্ট প্রতিষ্ঠার অনুমতি পাওয়া গেল।

আমি ও ভবানীদা প্রথম থেকেই সিরিয়াসলি চেষ্টা করেছিলাম এই ডিপার্টমেন্টকে ভালোভাবেই প্রতিষ্ঠা করতে এবং তা পেরেছিলাম। তখন কলকাতা অনুমোদিত কলেজগুলির মধ্যে শুধুমাত্র আমাদের কলেজে এনভায়ার্নমেন্ট সায়েন্সে একটাই মাত্র পোস্ট গ্র্যাজুয়েট ডিপার্টমেন্ট তৈরি হয়েছে বলে কলেজের অন্যান্য শিক্ষকদের সক্রিয় সহযোগিতায় তা খুব তাড়াতাড়ি আমাদের নতুন প্রতিষ্ঠিত ডিপার্টমেন্টের নাম বিভিন্ন দিকে ছড়িয়ে পড়েছিল। কলকাতা বিশ্ববিদ্যালয়ের এনভায়ার্নমেন্ট ডিপার্টমেন্টের অধ্যাপকরাও সাহায্যের হাত বাড়িয়ে দিয়েছিলেন। আমরা ঠিকই করেছিলাম তখন কলকাতা শহরে যে সব বিখ্যাত মানুষ ছিলেন যাঁরা এনভায়ার্নমেন্টের কাজে উৎসর্গীকৃত মানুষ( বিশেষ করে গবেষণায় নাম করেছেন) তাঁদেরকে (যাঁরা রাজি হয়েছিলেন) এনে ক্লাশ করাতে হবে। এছাড়া আরও দুটি জিনিস করা হয়েছিল। শেষ সেমিস্টারে এইসব ছাত্রছাত্রীদের গবেষণামুখী করার জন্য যতগুলো সম্ভব ততগুলোকে ভালো ভালো ল্যাবরেটরিতে প্রজেক্ট করতে পাঠাতে হবে। সেজন্য আমরা প্রাথমিক ভাবে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ওয়াটার রিসোর্স ও সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগ, কলকাতা বিশ্ববিদ্যালয়ের ফলিত রসায়ন বিভাগ, খড়গপুর IIT, ইন্ডিয়ান অ্যাসোসিয়েশন ফর দি কাল্টিভেশন অফ সায়েন্সের মাইক্রোবায়েলজি ডিপার্টমেন্ট, P.G. হসপিটালের ইনষ্টিটিউট অফ মেডিক্যাল সায়েন্স বিভাগ, কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের জঞ্জল বিভাগ প্রভৃতি জায়গাগুলিতে ছাত্র/ছাত্রীদের পাঠিয়েছি হাতে কলমে কাজ শেখানোর জন্য। এছাড়া আরও একটা ব্যাপারে লক্ষ ছিল আমাদের। তা হচ্ছে আমাদের ছাত্রছাত্রীদের মধ্যে অনেকের আন্ডার গ্র্যাজুয়েট কোর্সে অঙ্ক/স্ট্যাটিসটিক্স বিষয় ছিল না। পাশ করে কিছু গবেষণা করতে হলে স্ট্যাটিসটিক্সের প্রাথমিক জ্ঞান থাকা দরকার। তখন প্রথম দিকে আমাদের এই সংক্রান্ত ক্লাস নিয়ে আমাদের আর এক কলিগ অধ্যাপক নিশীথ পাত্র খুব সাহায্য করেছিলেন। এ ছাড়া ছেলে মেয়েরা চাকরির জন্য ইন্টারভিউ বোর্ডে যাতে ভালোভাবে ইংরেজিতে কথা বলতে পারে তার জন্য অধ্যাপক কলিগ সজল ভট্টাচার্যকেও আমরা অনুরোধ করেছিলাম এবং তিনিও সাগ্রহে এ কাজ করেছেন। এখানে এ প্রসঙ্গে মনে পড়ছে আমরা অর্থাৎ আশুতোষ কলেজের শিক্ষকরা যারা যারা এই ডিপার্টমেন্টের সঙ্গে প্রথমদিন থেকে জড়িত ছিলেন বা ছিলাম তারা সবাই কিন্তু কাজ করেছেন বা কাজ করতাম কোন বেতন ছাড়াই। এই সব কাজ ছিল নিজের নিজের ডিপার্টমেন্টের কাজ করে এনভায়ার্নমেন্ট ডিপার্টমেন্টের জন্য অতিরিক্ত কাজ করা। শুধু বাইরে থেকে যে সব অভিজ্ঞ মানুষজন আসতেন ক্লাসের জন্য তাঁদের জন্য ক্লাস প্রতি কিছু টাকা ধার্য হয়েছিল। এভাবেই চলছিল আমাদের এই নতুন ডিপার্টমেন্ট। কিন্তু তিন চার বছর যাবার পর একটা ধাক্কা খেলাম। আমাদের কলেজের এক কলিগ (খুব তাঁর পড়ানোর সুনাম) তিনি হঠাৎ করে ক্লাস নিতে অস্বীকার করেন। যদিও তিনি সরাসরি আমাদের জানান নি কিন্তু অন্যত্র বলেছেন যে ছেলেমেয়েদের জন প্রতি যে টাকা নেওয়া হচ্ছে সেখান থেকে অল্প অল্প কিছু কলেজ কর্তৃপক্ষ কেন নিজের শিক্ষকদের দেবেন না ? যাই হোক পরে প্রিন্সিপ্যালকে অনুরোধ করে এ ব্যবস্থা করা হয়। পরবর্তী ধাপে আমাদেরও মনে হয় কলেজে এই ডিপার্মেন্টের কোঅর্ডিনেটর হিসাবে অনেক কাজ নিজেদেরই করতে হত (তখনও মনে হয় কোনও অশিক্ষক কর্মচারীও রাখা হয় নি), আমাদেরও প্রিন্সিপ্যাল যদি মাসিক কিছু টাকা উৎসাহ বৃত্তি হিসাবে দেন। কিন্তু নিজেরা বলি কী করে আমাদের কথা প্রিন্সিপ্যাল চৌধুরীকে। তখন

প্রিন্সিপ্যাল চৌধুরী আমাদের ট্রেনিং সেন্টারে এসে একজন কলিগের কথা খুব শুনতেন। তাকে আমি বললাম কথাটা প্রিন্সিপ্যালের কানে তুলতে। তিনি তো শুনে প্রথমে আশ্চর্য হয়ে গেলেন যে আমাদের এই অতিরিক্ত কাজের জন্য আমরা কোন পারিশ্রমিক পাই না। যাই হোক তিনি যথারীতি প্রিন্সিপ্যালকে বলেছিলেন এবং প্রিন্সিপ্যালও সানন্দে আমাদের দুজনকে অল্প পারিশ্রমিক দিতে সম্মত হয়েছিলেন। এভাবে আমাদের এই নতুন ডিপার্টমেন্ট পায়ে পায়ে এগিয়ে এসেছে এবং যাবে। এর মধ্যেই অনেক কৃতী ছাত্রছাত্রী প্রতিষ্ঠিত হয়েছে। বেশ কয়েকজন বিদেশে গিয়েছে। অনেকের ভালোবাসা পেয়েছি কলেজে কেমিস্ট্রির টিচার অথবা এনভায়ার্নমেন্ট সায়েন্সের জয়েন্ট কোঅর্ডিনেটর হিসাবে। এর মধ্যেই আমরা খুব ভালো ছাত্রছাত্রী পেয়েছি। আমরা তাদের চেষ্টা করেছি মনের মতো প্রোজেক্ট করাতে। ধীরে ধীরে তাঁদের মন আলোক পথের সন্ধান পেয়েছে। তারা নিজেরাই স্বাবলম্বী হতে পেরেছে। ছাত্র-শিক্ষক সম্পর্ক এমনই এক সম্পর্ক যার মাধ্যমে শুধু ছাত্রই জ্ঞান অর্জন করে তা নয় ডিপার্টমেন্ট তথা কলেজও সমৃদ্ধ হয়। এটা এমন এক মধুর সম্পর্ক যার কোন নির্দিষ্ট ভাষা নেই শুধু সম্পর্কটা থেকে যায়। আমারও এইসব সম্পর্কের কথা এখন মনে ভেসে ভেসে বেড়ায়।

আশুতোষ কলেজে রসায়ন ও এনভায়ার্নমেন্ট বিভাগের মাষ্টারমাশাই হিসাবে যেটুকু ছাত্রছাত্রীদের কাছে আসতে পেরেছি ও তাদের সমস্যার সমাধানের চেষ্টা করেছি নিজের বিদ্যাবুদ্ধি অনুযায়ী সেই সব ঘটনা মনে হলে এই বৃদ্ধ বয়সেও মনে হয় আমার উপর ঈশ্বরের অনেক করুণা বর্ষিত হয়েছে। আমি তৃপ্ত আশুতোষ কলেজে চাকরি করে। আশুতোষ কলেজ একশো বছর পার হয়েছে ২০১৬ সালে, সেই তুলনায় পোস্ট গ্রাজুয়েট এনভায়ার্নমেন্ট ডিপার্টমেন্টের বয়স মাত্র ২০/২১ বছর হল। সেও ধীরে ধীরে একশো বছরের দিকে এগিয়ে যাবে, আমাদের এই কলেজ – আশুতোষ কলেজ শুধু এই পথে রেখে যাবে কিছু স্মৃতি।

Sbrahma

**(স্বপন কুমার ব্রহ্ম)**

# As far as I recollect



**Subhas Chandra Mondal**
Retd. Associate Professor
Department of History
(10.09.1987 — 30.09.2010)

After receiving the appointment letter from the College Service Commission, West Bengal, I contacted Dr. Suvankar Chakraborty, the Principal of Asutosh College. After discussion with him, the joining date was fixed for 1st September 1987. Accordingly, I joined the college on 10.09.1987. On that day Prof. Pranayballav Sen, who retired on 31.08.1987, was present in the Principal's office. He took me to the General Staff Room and introduced me to the faculty of History Department. Before joining Asutosh College, I had served in a rural college in Howrah district about 11 years. I can remember that we five teachers joined at a time from 1986 panel. Besides myself, there were Dr. Purna Chandra Mukherjee (Philosophy Dept.), Sri Apurba Kumar Roy (Mathematics Dept.), Dr. Partha Sarathi (Chemistry Dept.), Sri Debabrata Dutta (Dept. of Economics). Dr. Mukherjee came from Diamond Harbour, Fakir Chand College, Sri Apurba Roy was a WBCS officer, and Debabrata was in banking service. Prof. Bimal Kumar Dutta of Zoology Dept. often called us “Five Musketeers”. At that time, there was Higher Secondary Course in College. Routine--in-charge Prof. Dipti Prakash Mitra allotted me maximum Higher Secondary and Degree Pass course classes. He was of the opinion that I hailed from a rural college and would not be able to take Honours classes properly. But Dept.-in-charge Prof. Probir Raychoudhury raised an objection and ultimately equal distribution of classes was made.

There was a cluster of excellent teachers in the general staff room when I joined. A few of them I remember were Dr. Kalipada Baxi, Sukumar babu of Bengali Dept., Radhashyam babu, Kalisahay babu, Sri Dilip Sen, Parimal babu, Paritosh babu, Amritava babu (later acting Principal), Tapan babu, Amar babu, Dr. Gopal Tribedi, Ramenda, Udayda, Falguni, Krishna Roy Mahasaya, Basantidi, Raikamal madam, Sujata madam, Arundhuti madam of Economics Dept., Gargi madam (Prof. Gargi Nath later became Principal of Jogamaya Devi College). Sometimes

Prof. Chittaranjan Basu, Prof. Sugata Ray, Debuda, Jayantada, Sajal, Binayak, Debdas and Mainak attended the General Staff Room. Most impressive figure to me was Prof. Chittaranjan Basu of Physics Dept. I was familiar with Prof. Amritava Banerjee through his Subaltern Studies.

I often had discussions with Prof. Amar Kumar Chattopadhya of Sanskrit Dept. regarding Vedic literature. As a whole, a scholarly faculty was there in the college. Dasuda arranged the attendance registers. Nirmal da was in charge of tea department later Gopal da became his assistant.

I can remember our annual Tea Club meeting which was generally held on 24th December every year. So many veteran ex-professors gathered together. I had the duty to bring Professor Pranayballav Sen from his Shyambazar residence. Cultural activities were a part of the Tea Club meeting. Sukumar babu's performance was unique. Prof. Basanti Mukherjee had overall control over the function.

The Teachers' Council Secretary organised the annual picnic.Prof. Kashinath Kayal arranged the picnic bus. Some of the picnic spots were Falta, Nurpur, Basirhat, Barasat, Baruipur, Joyland near Joka, Rishra, and Garchumuk. Sudip, Chandranath, Pronab, Udayda took the leading part. Annual sports in Maidan ground and tent were a special attraction. Some events were reserved for teachers. We had also Teacher-Students cricket match. Jayantada was the captain of the cricket team. The bowling and batting of Falguni, Apurba, Pronab, Sudip was very attractive. Prof. Angshutosh Khan and Prof. Partha Sarathi Ghosh arranged tiffin after the match in college tent.

Next was the college Foundation Day celebration on 17th July every year. Sri Chittotosh Mukherjee used to attend as Chief Guest for several years. I had the opportunity enjoying the Platinum Jubilee year of the college (1991). Prof. Dr. Nurul Hassan, Governor of West-Bengal, visited our college on that occasion. I also saw the reception of Sri Bikash Ranjan Bhattacharya, ex-student of our college, when he became the Mayor of Calcutta Corporation. I was also associated with Asutosh College Training Centre since its formation in 1991. Its purpose is to prepare students for job screening examination. Smt. Rupa Bhattacharya managed the center properly. I was present at the inauguration of Asutosh College 2nd Campus at Bhasa near Joka. Prof. Satyasadhan Chakraborty, Minister-in-Charge of Education, W.B. was the chief guest. We also faced the NAAC Team under Smt. Lata Pillai in October 2002. Dr. Debabrata Chaudhuri was the principal at that time. Smt. Medha Patkar joined the seminar on environment movement while Prof. Sudindra Kumar Banerjee was the acting principal. Prof. Mainak Gupta looked after the placement cell.

I worked under three efficient principals — Dr. Suvankar Chakraborty, Dr. Debabrata Choudhuri and Dr. Dipak Kumar Kar. The three acting principals were Prof. Amritava Banerjee, Prof. Sudhindra Kumar Banerjee, and Dr. Swapan Kumar Brahma.

There are some events that I can still recollect. Our beloved Krishnadi offered Janmastami Bhog every year. Principal Dr. Suvankar Chakraborty had to wash his hands for Bhog. Dr. Mainak Gupta contributed famous rasgulla in Tea Club meeting from Chittaranjan sweets of Shyambazar when his daughter obtained a brilliant result in H.S. Examination.

So far as my History Department is concerned, I was lucky enough to have a highly motivated faculty. My fellow colleagues were Prof. Prabir Roychoudhury, Prof. Dipti Prokash Mitra, Prof. Mahasweta Das Sharma, Prof. Tapti De, Prof. Sebanti Banerjee

(ex-student), Prof. Saheed Hossain. We had a good understanding among us. We organized a seminar on 'Religion and Politics in India' in collaboration with Political Science Dept. and C.D.I and FAEA programe Asutosh College unit (21.02.2003). The resource person was Dr. Amalendu De. We also arranged one day seminar titled 'Louis Braille and Our Social Obligation' with FAEA Programme (March'2009). Our departmental staff participated in various UGC Sponsored National Seminars and Refresher Courses. Quiz competition in the History Department was held when Prof. Amritava Banerjee was acting principal of our college. Prof. Basudeb Chatterjee, the Director of State Archives, W.B. was the chief guest. Prof. Tapti De completed her Ph. D degree under the UGC FIP scheme. With active support of the Principal and the Librarian Phul Di, Braille Library was formed. At our earnest request Principal Dr. Chaudhuri granted Rs. 43,000/- for purchasing 32 Vols. Encyclopedia Britanica. At his initiative remedial classes for the needy were organized. I donated a small amount for the introduction of two prizes in the name of my Late father and sister at the time of my retirement mainly to reward excellence and promote healthy academics in History Department.

It is a great pleasure that during my tenure of service, educational excursion of the department could be organized in historic places such as Rajgir, Nalanda, Benaras, Sarnath, Allahabad, Chunar Fort, Vindhanchal, Dhauli (where Asokan inscription is available), Bhubaneswar (where Kalingaraj Kharavel's capital is under excavation) Delhi, Agra, Malda, Murshidabad, Chandra-Ketugarh in Berachampa etc. The pleasure of the students was beyond expression. Within Calcutta we visited Indian Museum, Asutosh Museum in Calcutta University, Victoria Memorial Hall etc. Principal Dr. Debabrata Chaudhuri made financial grants for educational tours. Dr. Amitava Ghosh who accompanied us arranged slide show of the tours in college where other departmental colleges and even Principals attended. Vice-Chancellor Dr. Suranjan Das who formerly belonged to Calcutta University History Department, appreciated our effort. He requested all the colleges under Calcutta University to introduce historical tours. Other departmental colleagues also joined our tours at their own cost such as Amitava Ghosh, Jyotirmoy Ghosh, Sraboni Ray, Dr. Kalyan Baxi, and Sri Tamonash Chakraborty.

Some of the established students in History Department of my time are Sri Aninda Hore (Indian Foreign Service), Uttar Sarathi (Corporate Sector), Rajkumar Chakraborty (College Teacher), Saikat Chakraborty (College Teacher), Tapoban Bhattacharjya (College Teacher), Avanti (College Teacher), Sebanti (College Teacher), Anamitra Chatterjee (College Teacher), Nilima Kisku (Teacher), Paromita Dutta (Teacher), Sayandeb (Postal Service), Anuradha Banerjee (Kolkata Dooradarshan), and Tilakmouli Rakshit (Govt. Service, W.B).

I spent a prolonged period in college (01.09.1987 – 30.09.2010). I developed cordial relations with all the faculty members, non-teaching staff and above all the students of the college. I wish the college every success in the future.

Subhas Ch. Mondal

**(Subhas Chandra Mondal)**

# আশুতোষ কলেজের সোনালী সেই দিনগুলি



**ড. মোহিনী মোহন আদক,**
প্রাক্তন অধ্যাপক, রসায়ন বিভাগ
(১৯৭৮-২০১১)

ভারতবর্ষ তথা পশ্চিমবঙ্গে রাজনৈতিক জটিল এক অস্থির পরিস্থিতির পরিবর্তন ঘটেছে। একটা দীর্ঘ সময় শিক্ষা জগত যে অনৈতিক পরিবেশের কাল মেঘে আবৃত হয়েছিল, তার অবসান ঘটতে চলেছে। সেই অস্থির এবং অনিশ্চিত পরিবেশের মধ্যে কলেজ এবং ইউনিভার্সিটির পড়াশোনা করে ডিগ্রি পেতে অনেক বিলম্ব ঘটে গেছে। ১৯৭৫ সালের ডিগ্রি পেয়েছি ১৯৭৬ সালের ডিসেম্বর মাসে। ১৯৭৭ সালের এপ্রিল মাস হবে। আশুতোষ কলেজে জৈব রসায়নের অধ্যাপক নিয়োগের একটি বিজ্ঞাপন চোখে পড়ল খবরের কাগজে। খোঁজ করতে গিয়ে দেখলাম কলেজ গেটের সামনে কর্মচারীরা বসে রয়েছে, ওদের দাবি দাওয়া নিয়ে অবস্থান ধর্মঘট চলছে। একজন রসায়নের অধ্যাপককে জিজ্ঞাসা করে জানতে পারলাম সর্বক্ষণের জন্য জৈব রসায়নের একজন অধ্যাপক নেওয়া হবে। কয়েকদিনের মধ্যে একটি লিখিত দরখাস্ত কলেজের অফিসে গিয়ে জমা দিয়ে এলাম। অনেকদিন কেটে গেল। ইতিমধ্যে আমি পাঁশকুড়া বনমালী কলেজের চাকরি ছেড়ে চলে গেছি মেদিনীপুর কলেজে। তারপর ১৯৭৮ সালের এপ্রিল মাসে ইন্টারভিউ হয় এবং আমি জুলাই মাসে এই কলেজে কাজে যোগদান করি। সেই সময় রসায়ন বিভাগের ১৬ জন অধ্যাপক ছিলেন, আমি ১৭ নম্বর পোস্টে যোগদান করি। সেই সময় কলেজে অধ্যক্ষ ছিলেন না। উপাধ্যক্ষ (Vice Principal) দুলাল কুমার মিত্র মহাশয় অধ্যক্ষের কাজ পরিচালনা করতেন। আজকের Principal-এর ঘরের দেওয়ালে অধ্যক্ষদের নামের যে তালিকা আছে সেখানে লক্ষ করলে এই নাম চোখে পড়বে। আমার নিয়োগ পত্রে ওনারই স্বাক্ষর আছে। ওই নিয়োগপত্রে আমার মাসিক বেতনের যা উল্লেখ আছে তা আজকের দিনে বলার মতো নয়। অতীব সামান্য, তবে সময়ে সময়ে সরকারি অনুদান পাওয়া যেত এবং সেইমতো মাঝে মাঝে কিছু পেমেন্ট দেওয়া হত। মাসে ৪৩০ টাকার মতো বেতন পেতাম। সেই সময় কলেজে অধ্যাপনার চাকরি এইভাবেই হত। আমাদের মতো কিছু মানুষ শিক্ষকতা বা অধ্যাপনার চাকরি পছন্দ করে এই কাজে আসত। টাকা-পয়সার ব্যাপারটা সেখানে গৌণ ছিল। যখন আমি এই কলেজে চাকরিতে জয়েন করি তখন এই কলেজে একশোর উপর অধ্যাপক ছিলেন এবং ছাত্র সংখ্যা ২০০০ - এর উপর ছিল। বিজ্ঞান এবং কলা, দু'টি শাখায় অন্তত ১৭ টি বিষয়ের উপর অনার্স কোর্স এবং পাস কোর্স পড়ানো হত। বিজ্ঞান বিভাগের পাস

কোর্সে তিনটি সেকশন ছিল। তার মধ্যে সি সেকশনে সব থেকে বেশি ছাত্র এনরোল করা থাকত। অন্তত আড়াইশো থেকে তিনশো বা তারও বেশি ছাত্রের নাম লেখা থাকত এই সি সেকশনে। সেই সময় কলেজের সব থেকে বড় একটা ক্লাস রুম ছিল, রুম নাম্বার এইট। কাঠের প্লাটফর্মের উপর টেবিল, চেয়ার এবং পিছনে বড় একটা ব্ল্যাক বোর্ড। প্লাটফর্মের উপর দাঁড়িয়ে একেবারে পিছনের সারির ছাত্রদের খুব ভালো ভাবে দেখা যেত না। আমরা যথাসাধ্য উচ্চস্বরে পড়াবার চেষ্টা করতাম। একেবারে শেষের দিকে ছাত্ররা শুনতে পেত কিনা সন্দেহ। বোর্ডের লেখা থেকে নোট নিতে বলতাম। এর মধ্যে ড. শুভঙ্কর চক্রবর্তী কলেজের অধ্যক্ষ হিসাবে কাজে যোগ দিলেন। তাঁর সুযোগ্য নেতৃত্বে কলেজে নানাবিধ উৎকর্ষের কাজ চলতে থাকে। এই কলেজের জন্মলগ্ন থেকে পুরুষরাই পড়াতেন এখানে। একটু পরিবর্তন এল। দুই জন মহিলা/ অধ্যাপিকা কাজে যোগ দিলেন। সময়ের সঙ্গে সঙ্গে ছাত্রদের সঙ্গে ছাত্রীরা এবং শিক্ষক ও শিক্ষাকর্মী সর্বত্রই পুরুষ ও নারীদের নিয়ে সমাজের স্বাভাবিক রূপ পেল। কিছু - Infrastructure - এর পরিবর্তনের প্রয়োজন হয়ে পড়ল। কিছুটা আধুনিকীকরণেরও প্রয়োজন হয়ে পড়ল। সাধ্য ও সামর্থ্যের মধ্যে সেগুলোই যতদূর সম্ভব করার চেষ্টা হল। দুই একটি বিষয়ের এখানে উল্লেখ করব। সেই সময় কলেজে একটি মাত্র টেলিফোন ছিল, ক্রিং ক্রিং করে বাজত। সেটা অফিস ঘরে ছিল এবং প্রয়োজন হলে অফিস ঘর থেকে প্রিন্সিপালের ঘরে সেই কল ট্রান্সফার করা হত। কোন অধ্যাপকের ফোন এলে অফিসের বড়বাবু কাউকে পাঠাতেন দোতলায় টিচার্স কমন রুমে সংশ্লিষ্ট অধ্যাপককে খবর দেওয়ার জন্য। আশির দশকের মাঝামাঝি কোন এক সময়ে আমি টিচার কাউন্সিলের সেক্রেটারি ছিলাম। অধ্যাপকদের অনুরোধে উদ্যোগ নিয়ে টিচার্স কমন রুমে একটি টেলিফোনের ব্যবস্থা করি। পরবর্তীকালে কলেজে ইন্টারকম ব্যবস্থা চালু করা হয়। এই দু'য়ের সমন্বয়ে অধ্যাপকদের টেলিফোন এলে আগের মতো আর কষ্ট করে ডেকে আনার ব্যাপার রইল না। সংশ্লিষ্ট ব্যক্তির টেলিফোনটি ইন্টারকম মারফত তাঁর কাছে পৌঁছে দেওয়া হত। আজকে হয়তো এই সমস্ত কিছুর চিহ্ন মাত্র নেই। প্রয়োজনও নেই। মুঠোফোনের (সেলফোন/Mobile Phone) দৌলতে সেদিনকার ওই টেলিফোন এবং ইন্টারকম ব্যবস্থা আজকে অপ্রয়োজনীয় হয়ে পড়েছে। তাই আজকের দিনে কলেজের কেউই এই সমস্ত বিষয়গুলির সেদিনের গুরুত্ব বা প্রয়োজনীয়তা বুঝতে পারবে না। ইতিমধ্যে আমাদের কলেজে কম্পিউটার সায়েন্স-এর অনার্স কোর্স খোলা হয়। তারও আগে আশুতোষ কলেজ ট্রেনিং সেন্টারে কম্পিউটার শেখাবার কোর্স চালু করা হয়। অধুনা টেকনো ইন্ডিয়া গ্রুপ, এরা প্রথম আমাদের কলেজে তাদের প্রথম কম্পিউটার ট্রেনিং সেন্টার খুলেছিল। তারপর একে একে পশ্চিমবঙ্গের বিভিন্ন কলেজে তাদের এই কোর্স খোলে। কম্পিউটার সায়েন্স কোর্স খোলার সঙ্গে প্রয়োজন হয়ে পড়ল কলেজকে আধুনিকীকরণ করা কম্পিউটারের সাহায্যে। এই সময়ে কলেজের কাজ চালানোর জন্য Bursar পদের দায়িত্ব নিতে হয়। আমার ভাবতে ভালো লাগে যে আমার খানিকটা উদ্যোগ ছিল সমস্ত বিভাগে কম্পিউটার দেওয়া এবং কম্পিউটারের মাধ্যমে কলেজের অ্যাকাউন্টস এবং অন্যান্য সব কাজকর্ম করার সূচনা পর্ব হিসাবে। ইতিমধ্যে শুভঙ্করবাবু কলেজ ছেড়ে রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ে উপাচার্য পদে যোগ দেন। কিছুদিনের মধ্যে ড. দেবব্রত চৌধুরী অধ্যক্ষ পদে যোগ দেন । কলেজকে আধুনিক করার সঙ্গে সঙ্গে কলেবর বৃদ্ধিরও প্রচেষ্টা চলতে থাকে। ফলশ্রুতি পুরনো বিল্ডিং - এর কিছু পরিবর্তন ও অলংকরণ। দক্ষিণ ২৪ পরগণার ভাসাতে জমি কিনে সেখানে দ্বিতীয় ক্যাম্পাস তৈরি করা। ক্লাসঘরে অধ্যাপক অধ্যাপিকার গলার স্বর যাতে সমস্ত ছাত্রছাত্রীদের কাছে পৌঁছে দেওয়া যায় তার জন্য সমস্ত লেকচার থিয়েটারে মাইক্রোফোনের ব্যবস্থা করা হয়। পুরনো দু'টি হোস্টেলের একটিকে ভেঙে নতুন করে আধুনিক বিল্ডিং তৈরি করে, সেখানে নতুন নতুন কোর্স চালু করা হয়। দ্বিতীয় আরেকটিকে পরিবর্তন করে ক্লাস রুমের ব্যবস্থা করা হয়। হোস্টেল গুলিকে দ্বিতীয় ক্যাম্পাসে স্থানান্তরিত

করা হয়। সময়ের সঙ্গে সঙ্গে আরও পরিবর্তন হবে, কলেবর বৃদ্ধি হবে, আধুনিক হবে, সেটাই স্বাভাবিক।

একটু পুরনো দিনের কথায় চলে আসি। আমাদের কর্মজীবন যে সময় সেটা পশ্চিমবাংলার শিক্ষা জগতের এক স্বর্ণযুগ। সেই সময় অধ্যাপকদের একটি মাত্র সংগঠন ছিল। পশ্চিমবাংলার সমস্ত অধ্যাপক সেই সংগঠনের ছাতার তলায় তাঁদের নানা দাবি দাওয়া নিয়ে আন্দোলন করতেন। বৈজ্ঞানিক শিক্ষা ব্যবস্থা চালু করা, আধুনিক করা, সমাজের সর্বস্তরে প্রসারিত করা এবং শিক্ষকদের বেতন হারকে সম্মানজনক করা, মাস পহেলা বেতন পাওয়া - এই সবের জন্য সমস্ত অধ্যাপকদের আন্দোলন। অল্প দিনের মধ্যেই সেই ব্যবস্থা চালু হয়। শিক্ষকতার চাকরি সমাজে একটি সম্মানিত কাজ হিসাবে স্বীকৃতি পায়। সামগ্রিকভাবে অবক্ষয়ী সমাজের আজকের এই অধঃপতনের সময়ে বহু বিভক্ত অধ্যাপক সমিতির করুণ অবনতি বড়ই পীড়া দেয়। সেই সময়কালে কলেজে যেসব অধ্যাপকদের সঙ্গে কাজ করার সুযোগ পেয়েছিলাম সেই সমস্ত অধ্যাপকদের পাণ্ডিত্য, উন্নত এবং মার্জিত রুচি আমাদেরকে অনুপ্রাণিত করত। বিষয়ের বাইরে তাঁদের পাণ্ডিত্য আমাদের শ্রদ্ধাশীল করে তুলত। তাঁদের সহনশীলতা এবং সংবেদনশীল বন্ধুত্ব সুলভ আচরণ এবং উচ্চ রুচির যে পরিচয় তাঁরা আমাদের সামনে রাখতেন সেগুলি আমরা আজও শ্রদ্ধার সঙ্গে স্মরণ করি। তাঁদের অনেকেই আজকে আর জীবিত নেই কিন্তু তাঁদের স্মৃতি আমরা যতদিন বেঁচে থাকব ততদিনই আমাদের স্মরণে থাকবে। ছাত্রছাত্রীদের সঙ্গে শিক্ষক অধ্যাপকদের সম্পর্ক ছিল অত্যন্ত মধুর। আশুতোষ কলেজ থেকে বহু ছাত্র পরবর্তীকালে তাঁদের কর্ম ক্ষেত্রে নানা অবদান রেখেছেন। তাঁদের সকলকে শ্রদ্ধার সঙ্গে উল্লেখ করি। এই শিক্ষা প্রতিষ্ঠান আগামী দিনে আরও উন্নতির পথে চলুক।

M.M. Adak

**(মোহিনী মোহন আদক)**

# যা মনে পড়ে তাই লিখি



**তপতী বাগচী**
প্রাক্তন অধ্যাপক, সংখ্যাতত্ত্ব বিভাগ
১৪.০২.১৯৯২ - ৩০.১১.২০১১

প্রত্যেক শুরুর আগেই একটা শুরু থাকে - যাকে বলে। জীবনের পরতে পরতে থাকে অজস্র বাঁক। প্রত্যেক বাঁকেই থাকে নানা ঘটনার সমাহার, থাকে চমক, যা কখনও বা আনন্দের কখন বা নয়। সব মিলিয়েই জীবন। জীবনে জমে ওঠে সঞ্চয় – তাই 'সাজ স্মৃতি'। সেই সঞ্চয়ের ঝাঁপি আজ খুলে বসেছি।

এই স্মৃতি সততই সুখের, এই আপ্ত বাক্যে বিশ্বাস রেখে কিছু স্মৃতি ভাগ করে নিতে এই রোমন্থন পর্ব শুরু। পড়াশোনার শেষে সরকারী চাকরি দিয়ে কর্মজীবন শুরু, সেখান থেকে ব্যাঙ্কে। ব্যাঙ্ককর্মী হিসাবে পরিসংখ্যানের তত্ত্ব ভুলে টাকা-আনা-পয়সার জগতে যখন আমি ব্যস্ত তখন সময়ের ঘটনা বা দুর্ঘটনা চক্রে যে ভদ্রলোকের সাথে আমি বৈবাহিক সূত্রে আবদ্ধ হলাম তিনি ছিলেন পরিসংখ্যানের অধ্যাপক। ভদ্রলোকের সাহায্যে এবং প্রেরণায় পরিসংখ্যান জগতে পুনঃপ্রবেশ করলাম। তাকের ওপর তোলা ছিল, তাকে ধুলো ঝেড়ে আবার শুরু করলাম। অবশেষে ফল ফলেছিল। কলেজ সার্ভিস কমিশন নামের বেড়া ডিঙিয়ে অধ্যাপনা জগতে প্রবেশ করলাম। সবটাই অবশ্য সুবিধামতো হল না অনেক দূরের কলেজে। মস্ত বড় কলেজ শিক্ষকের সমাবেশ। অন্য কোন অসুবিধা দূরত্বই ছিল পাহাড় প্রমাণ বাধা। অনেক বাধা বিঘ্ন এবং পুনরায় 'ক-সা-ক' সালের এপ্রিল মাসে আশুতোষ কলেজে যদিও ইতিমধ্যে কয়েক বছর কলেজে ভালোই কেটেছে, তবুও ভাবনা একটা ছিলই। কলেজ শুধুমাত্র ইঁট-বালি-সিমেন্টের ইমারত নয় ছাত্র, শিক্ষক, শিক্ষাকর্মী সব মিলিয়ে মণ্ডল। আর শিক্ষাঙ্গনে বিদ্যাচর্চার নিরিখে এই কলেজের একটা নাম বরাবরই ছিল। নতুন কলেজ, নতুন পরিবেশ নতুন করে শুরু করা। ভাবলাম চাকরি যখন করতেই হবে বেশি ভেবে লাভ নেই। যাই হোক মোট কথা মানিয়ে নিতে হবে। পড়ে দেখেছি ভাবনাটা ছিল নিতান্তই অমূলক। সকলেই আমাকে সাদরে গ্রহণ করেছিলেন, কোন অসুবিধা হয়নি।

যোগ দিলাম পরিসংখ্যান বিভাগে। এই বিভাগের একটা খ্যাতি ছিল। সারা ভারতে পরিসংখ্যানবিদ্যার সূতিকাগৃহ-কলকাতা, আর তার আলোকবৃত্তে ছিল তিনটি মাত্র কলেজ, যার একটি আমাদের কলেজ। পরবর্তীকালে ক্রমে ক্রমে আরও অনেক কলেজে এই বিষয়ের পাঠক্রম শুরু হয়েছে। যে বিশেষ ব্যক্তিদের নিরন্তর প্রচেষ্টায় এই বিভাগের সূচনা ও সম্মান বৃদ্ধি, তাঁরা হলেন প্রয়াত অধ্যাপক শৈলেন ভূষণ চৌধুরী ও প্রয়াত অধ্যাপক কল্যাণ কুমার মুখোপাধ্যায়। তাঁদের ব্যক্তিগত ভাবে আমার চেনার সুযোগ হয়েছিল। এঁরা ছিলেন অত্যন্ত ছাত্র-দরদী, সংবেদনশীল ও স্নেহশীল মানুষ। বহু বিখ্যাত ব্যক্তিই ছিল এই বিভাগের ফসল।

তারপর শুরু হল নিত্য আসা-যাওয়া। শুরু হল পাঠ আর পাঠদান। বর্ষে বর্ষে দলে দলে শিক্ষার্থীদের আনাগোনা।

সেই সময়ে আমাদের বিভাগ কেমন ছিল তার একটু পরিচয় দিই। তখন কলেজ ছিল চারতলা আর সেই চারতলার কোণের দিকে আমাদের বিভাগ। যা আজও আছে ..... একই ভাবে। তখন বিভাগে ছিলেন প্রয়াত অধ্যাপক নিশীথ কুমার পাত্র – আমাদের প্রিয় নিশীথদা, কাশীনাথ চ্যাটার্জী, এণা চ্যাটার্জী, দেবিকা হালদার, চন্দ্রনাথ মুখার্জী আর ছিলেন রঘুদা, কুলমণি ও শান্ত।

নিশীথদা আজ আর আমাদের মধ্যে নেই। তাঁর কথা মনে পড়ে, তিনি ছিলেন একজন দক্ষ শিক্ষক ও নিপাট ভালো মানুষ। আমরা সবাই বসতাম একটা ঘরে। জীবনের অনেকটা অংশ আমরা সুখে, দুঃখে একসঙ্গে কাটিয়েছি। অবসরে গল্পগুজব, আলাপ আলোচনা, খাওয়া দাওয়া সব কিছুই চলত। আমাদের একটা অলিখিত সুন্দর নিয়ম ছিল, কেউ কোন কিছু একা খাবে না যা কিছু আনা হবে তা সবার জন্য। বিভাগের দুটো ঘরে আমাদের ক্লাস হত, তাছাড়া আরও অন্যান্য ঘরে ক্লাস থাকত, তবে ভরা মরশুমে ঘরের ঘাটতি দেখা যেত আর তাই নিয়ে কখনও বা বেশ অসুবিধার মধ্যে পড়তে হত। যাই হোক, নিজেদের মধ্যে বোঝাপড়ার মাধ্যমে সে সব মেটানো যেত। পরবর্তীতে পাঁচতলা হওয়ায় সে অসুবিধা কিছুটা কম হয়েছিল, আমরা সেখানে একটা ঘর পেয়েছিলাম। আমরা বেশ ছিলাম, কখনও নিজেদের মধ্যে মতান্তর হলেও মনান্তর হয়নি।

আমাদের বিভাগের পঞ্চাশ বছর পূর্তি অনুষ্ঠান হয়েছিল খুব ধূমধাম করে। বহু বিশিষ্টজন ও প্রাক্তনীদের উপস্থিতিতে, শিক্ষক ও শিক্ষাকর্মীদের সক্রিয় সহযোগিতায় ও ছাত্রছাত্রীদের উপস্থাপনায় অনুষ্ঠান সর্বাঙ্গসুন্দর হয়েছিল।

কালের নিয়মে আসা-যাওয়া লেগেই থাকে। ইতিমধ্যে কাশীনাথ একটি বিশ্ববিদ্যালয়ে এবং নিশীথদা অবসর নেন। রাহুল ভট্টাচার্য এখানে যোগ দেয়। পড়ে রাহুলও বিশ্ববিদ্যালয়ে চলে যায়, এরপর আসে ধীমান দত্ত। শান্ত স্বভাবের ধীমানকে আমার অবসর পর্যন্ত পেয়েছি। মাঝে কিছু আংশিক সময়ের শিক্ষকদের আসা-যাওয়া ছিল। রঘুদা, কুলমণি, শান্ত আজ আর কেউ নেই, তারা আমার খুব প্রিয় মানুষ ছিল এবং আমার চাকরি জীবনে তাদের অনেকখানি ভূমিকা ছিল। পড়ে বিভাগে যোগ দেয় হিম্মত আর শৈলেন, তারাও ধীরে ধীরে কাছের মানুষ হয়ে উঠেছিল। আমরা বিভাগের সবাই ছিলাম একটি পরিবারের মতো। এণা, দেবিকা আর চন্দ্রনাথকে আমার এই কলেজের চাকরী জীবনের প্রথম দিন থেকে অবসরের দিন পর্যন্ত সহকর্মী হিসাবে পেয়েছি। অবসরের সময় আরও ছিল ধীমান, শতাব্দী ও দিঠি।

আমাদের ছাত্রছাত্রীরা কেউই অবাধ্য, উদ্ধত ছিল না। আমরা তাদের ভালোবাসতাম এবং প্রয়োজনে বকাবকিও করতাম।

বিভাগীয় পিকনিক হত। আগে থেকেই চলত ছাত্রছাত্রীদের অনুরোধ-উপরোধ। ঝামেলা এড়ানোর জন্য তাদের নিরুৎসাহ করতে চাইলেও বেশিরভাগ সময়েই তাদের আবদার মেনে নিতে হত। সারাদিন সবাই মিলে আনন্দ করে ফিরে আসতাম।

চন্দ্রনাথ ছিল ব্যবস্থাপনায় অতি দক্ষ। অনেক সময়ই তাঁর ব্যবস্থাপনায় বহু সমস্যার সহজ সমাধান হত। আর একটা বিশেষ দিন ছিল শিক্ষক দিবস। সে দিনটাতে ছাত্রছাত্রীরা নানা অনুষ্ঠানের আয়োজন করত। সে দিনগুলো ছিল আমাদের অবাক হওয়ার পালা। ছাত্রছাত্রীদের অজানা প্রতিভার স্ফূরণ দেখা যেত সেই দিন। তাদের নাচ, গান, ছবি আঁকা, আবৃত্তি দেখে শুনে রোজকার ক্লাসের ছাত্রছাত্রীটিকে অচেনা লাগত।

আমরা তাদের “ভালো হও, পড়াশোনা কর” জাতীয় মামুলি কথার ছোটোখাটো বক্তৃতা করে কর্তব্য সেরে অনুষ্ঠান দেখতাম। দেবিকা ভালো গান গাইত, তাকে কখনও গাইতে হয়েছে আর ধীমানের বাজনাও শুনেছি। ওই দিনে তাদের দেওয়া কার্ড উপহার আজও আমার সংগ্রহে আছে।

ভোজন পর্বের পর অনুষ্ঠানের ইতি। এবার আসি সবার কথায়। আগেই বলেছি তখন আমাদের কলেজে চারতলা ফাঁকা জায়গা ছিল। এপাশ ওপাশ থেকে আকাশ, রাস্তা, গাছপালা, লোকজন দেখা যেত। তখন লিফট ছিল না, প্রসঙ্গত বলি মেট্রোতেও ছিল না চলমান সিঁড়ি। সেই সময় সব সিঁড়ি পেরিয়ে গন্তব্যে পৌঁছতাম অনায়াসে। কলেজের আশেপাশের ফুটপাতে ছিল না এত দোকান পসার। এত ধূমপায়ী ছাত্রছাত্রীদের দেখা মিলত না সেখানে। পড়ে প্রয়োজনে পাঁচতলা হল, ফাঁকফোকর ভরে উঠল নানা আকারের ঘরে, তৈরি হল লিফট – সবারই ভারি সুবিধা হল। কিন্তু হারিয়ে গেল উদার আকাশ। মনে পড়ে, এখানে আমার প্রথম দিকে ছাত্রীদের এবং শিক্ষিকাদের শাড়ী পড়ে আসার নিয়ম ছিল। পড়ে এই নিয়মের বদল হয়েছিল।

স্টাফ রুম ছিল সবার সঙ্গে আলাপ পরিচয়ের মিলন ক্ষেত্র। এই ঘরটি আমার ভারি পছন্দ হয়েছিল। মস্ত বড় ঘর, জানলা ঘেরা সবুজ গাছপালা। দেয়াল ভরা মনীষী ও বিখ্যাত জনদের ছবি – সবটাই খুব সুন্দর। প্রথমে শুধু এই ঘরটাই ছিল। পড়ে পাশে আরও ঘর তৈরি হল। এই ঘর আর তাঁর সাজসজ্জা এখনও প্রায় এক রকমই আছে। চায়ের ব্যবস্থার পাশেই যে টেবিলটা ছিল তাতেই শিক্ষকরা বসতেন। মেয়েদের সংখ্যা কম থাকায় কুলিয়ে যেত। পড়ে অবশ্য সব দিকেই মেয়েদের জয়যাত্রা ছড়িয়ে পড়েছিল। তখন ঘরে একটা (নাকি দুটো) মস্ত ইজি চেয়ার ছিল। ইচ্ছা থাকলেও তাতে বসা হয়নি কোন দিন। মনে পড়ে বাসন্তীদি আর কৃষ্ণাদির কথা। নীলিমা, মঞ্জুশ্রী, সুজাতা, মহেশ্বেতা, রাইকমল, সুপ্রিয়া, ফুলদি, অরুন্ধতী, কৃষ্ণা মুখার্জী, কৃষ্ণা চ্যাটার্জী, কৃষ্ণা বোস, অরুন্ধুতী ভট্টাচার্য, চন্দ্রা, চন্দ্রমল্লী, পারমিতা, শ্রাবণী, সায়নী, মনোরমা, মণিদীপা, কেয়া, সুপর্ণা, সোমা আরও অনেককে মনে পড়ে।

শিক্ষকদের কথা আর আলাদা করে লিখলাম না, কিন্তু তাঁদের সঙ্গে আমার যথেষ্ট সদ্ভাব ছিল। ক্লাসের অবসরে স্টাফ রুমে আসতাম, দেখা হত সবার সাথে, গল্পগুজব চলত আর চায়ের কোন অভাব ছিল না।

ছোটো বড়ো সবার সঙ্গেই খুব সুন্দর সম্পর্ক ছিল। আজও অনেকের সাথেই যোগাযোগ আছে। সুধার কথা মনে পড়ে, হঠাৎ তার অকাল মৃত্যুতে খুব মন খারাপ হয়েছিল। আমি বরাবরই একটু ভুলো মনের। এই ভুলো মনের জন্য একবার একটা মজার ঘটনা ঘটেছিল। আমরা তখন কো-অপারেটিভ ফান্ডে টাকা রাখতাম। বছরের শেষে তার লভ্যাংশও কিছু পাওয়া যেত। একবার লভ্যাংশ টাকার বদলে মেয়েদের ব্যাগ দেওয়া হয়েছিল, স্বভাবতই ব্যাগ গুলো দেখতে অনেকটা একরকম ছিল। আমি নিজের ব্যাগের বদলে আর একজনেরটা নিয়ে সোজা বাড়ি। পড়ের দিন ছুটি ছিল। সুতরাং ব্যাগ বদলে আর একজনেরও ভোগান্তি আর

আমারও। আর একদিনও প্রায় একই রকমের ঘটনা ঘটিয়ে ফেলেছিলাম, অল্পের উপর দিয়ে কোনো মতে সামলে নিয়েছিলাম। রাইকমল মজা করে বলেছিল "তপতী আসছে ব্যাগ সামলাও"।

এ ব্যাপারে আর একজনের কথা মনে পড়ে। সে আবার গাড়ি করে এসে গাড়ি ফেলে ভুলে মেট্রো করে বাড়ি চলে গিয়েছিল। এরপর ভেবেছিলাম আমার অবস্থা অন্তত এর চেয়ে ভালো। মাঝে মাঝে নিয়ম অনুযায়ী টিচার্স কাউন্সিলের মিটিং হত। সবাই আসতাম নির্দিষ্ট সময়ে। অত বড় ঘর ভরে উঠত। বসার জায়গায় বাড়তি চেয়ার এনেও সবার স্থান সঙ্কুলান হত না, অনেককে দাঁড়িয়ে থাকতে হত।

বিভিন্ন বিষয় নিয়ে আলাপ আলোচনা হত, মাঝে মাঝে প্রবল তর্কবিতর্কও হত কিন্তু মিটিং - এর শেষে তার বিশেষ কোন রেশ থাকত না বলেই মনে হয়। প্রত্যেক মিটিং শেষ হত ভালো খাওয়া দাওয়ার মধ্যে দিয়ে।

শিক্ষা প্রতিষ্ঠানের মূল বিষয় হল ছাত্র। এর প্রথম পর্বটি ছাত্র ভর্তি আর অন্তিম পর্বে পরীক্ষা। প্রথম পর্ব, অর্থাৎ ছাত্র ভর্তি দিয়ে শুরু করি। এখন যেমন অনলাইন ভর্তি প্রক্রিয়া শুরু হয়েছে, সে সময় তেমনটি ছিল না। সে ছিল এক এলাহি ব্যাপার। কলেজের সামনে আবেদন পত্র সংগ্রহের জন্য লম্বা লাইন পড়ত। প্রতি বিভাগে সেই সব আবেদন পত্র জমা হত। সেগুলোকে দেখে যোগ্যতা নির্ধারণ করতে হত। তারপর মেধা তালিকার প্রকাশ, তালিকা-১, তালিকা-২, তালিকা-৩ ইত্যাদি। আমরা বিভাগের সবাই মিলে কাজগুলো করতাম। তারপর আসন সংখ্যা অনুযায়ী ছাত্র ভর্তি। ছাত্রছাত্রীর ভীড়, তাদের সঙ্গে আসা অভিভাবকদের ভীড় সব মিলিয়ে এক জমজমাট ব্যাপার। কয়েকদিন আমাদের ব্যস্ততা থাকত তুঙ্গে। তারও পড়ে ভর্তি হওয়া, কেউ আসন ছেড়ে দিল কিনা তার খোঁজ খবর, অনুরোধ-উপরোধের রেশ থাকত আরও কয়েকদিন। পড়ে ধীরে ধীরে নিয়মের নানা পরিবর্তন হয়েছিল। এবার আসি পরীক্ষা পর্বে। সে কালে কিংবা একালে যে কোন সময়েই পরীক্ষা পর্বটি ছাত্র জীবনের এক বিভীষিকাময় অধ্যায়। একইসঙ্গে বলা যায় সর্বকালেই পরীক্ষা এবং টোকাটুকি অঙ্গাঙ্গীভাবে জড়িত।

সে সময়ে অনার্স পার্ট ওয়ান ও পার্ট টু পরীক্ষা ছিল আর ছিল হাফ-ইয়ার্লি, অ্যান্যুয়াল টেস্ট ইত্যাদি কলেজের পরীক্ষা। পরে পার্ট ওয়ান, পার্ট টু, পার্ট থ্রিও চালু হয়েছিল। সুতরাং আমাদের শিক্ষককুলকে বছরে বেশ কয়েকবার নজরদারের ভূমিকায় অবতীর্ণ হতে হত (এখনও হয়)। সেই ভূমিকায় থাকাকালীন সব শিক্ষককেই নানা অভিজ্ঞতার সম্মুখীন হতে হয়। লিখতে বসে এরকম কিছু ঘটনার কথা মনে পড়ছে।

একবার একজনের কাছে পাওয়া গেল একটি বড় সুন্দর সাদা রুমাল তার সমস্তটিতে অতিসুন্দর হস্তাক্ষরে ছোট ছোট করে উত্তর লেখা। রুমালটি শিল্প কর্মের এক অমূলক নিদর্শন বলে মনে হচ্ছিল। কোন এক বিশ্ববিদ্যালয়ের পরীক্ষায় একজনের কাছে পাওয়া গেল এক গোছা কাগজ – অদ্ভুত ব্যাপার তার কোনটাতেই কোন উত্তর লেখা নেই, আছে শুধু বিভিন্ন ধরনের এক লাইন করে লেখা। জেরাতে জানা গেল সে নাকি উত্তর ভুলে যায়, ওই প্রথম লাইন দেখলেই তার মনে পড়ে, তখন সে লিখতে পারে। আর একবার অন্য কলেজের একটি ছাত্রকে পরীক্ষা চলাকালীন ধরা হলে সে লাফিয়ে তিনতলার খোলা বড় জানালায় পৌঁছে ঝাপ দেওয়ার হুমকি দিতে থাকে। পড়ে অনেক কাঠখড় পুড়িয়ে তাকে নিবৃত্ত করা হয়। থাক এসব তো রকমফেরে যুগে যুগেই ঘটেছে – আজও নিশ্চয় ঘটে। তবে সে আমলে ডিজিটাল টোকাটুকির অত বাড়বাড়ন্ত ছিল না তাই সি সি ক্যামেরা জাতীয় কিছু ছিল না, নজরদারের নজরই ছিল ভরসা। প্রতিবছর কলেজ পিকনিক হত। আমরা যেতাম নানা জায়গায়, সারা দিন হৈ হৈ আনন্দ করে ফিরতাম। ১৭ ই জুলাই কলেজের প্রতিষ্ঠা দিবসও একটা আনন্দের দিন ছিল। সুন্দর অনুষ্ঠান হত, খুব ভালো লাগত। আর ছিল আমাদের সহকর্মীদের জীবনের বিশেষ

দিনে অন্যদের নিমন্ত্রণ। বিয়ে, অন্নপ্রাশণ ইত্যাদি অনেক সামাজিক অনুষ্ঠানের নিমন্ত্রণ পেয়েছি। অনেকে মিলে যাওয়া, রোজকার থেকে অন্যরকম ভাবে সহকর্মীদের দেখা, সবই ছিল আনন্দের। আজও মাঝে মাঝে নিমন্ত্রণ পাই। ছাত্রছাত্রীদের নবীন বরণ উৎসবেও নিমন্ত্রণ থাকত, আর সেই নিমন্ত্রণ রক্ষার তাগিদে কখনও অনুষ্ঠানে যেতেও হয়েছে, কিন্তু তাদের গানবাজনার গুঁতোয় বেশিক্ষণ টেকা যায়নি। বাৎসরিক খেলাধূলার কথাও মনে পড়ে, ঘটনাচক্রে এই পুরোপুরি অ-খেলোয়াড়ের হন্টন প্রতিযোগিতায় একটি পুরস্কার জুটে ছিল। বাড়ির সবাইকে সে খবর জানিয়ে অবাক করে দিয়েছিলাম। অবশ্য নিজেও কম অবাক হয়নি।

আর একটা দিন ছিল বড়দিনের ছুটির আগের দিনটা। টিচার্স কাউন্সিল থেকে একটা সুন্দর অনুষ্ঠানের ব্যবস্থা করা হত, আজও হয়। সেই দিনটাতে বর্তমান শিক্ষকদের সাথে প্রাক্তন শিক্ষকরাও নিমন্ত্রিত থাকেন। নতুন ও পুরাতনের মেলবন্ধন হয়। অনেক স্মৃতিচারণ, গান, কবিতা, আবৃত্তি — তারপর এলাহি খাওয়া দাওয়া।

মনে পড়ে সুকুমারদার মজার স্মৃতিচারণ, কৃষ্ণদার গান, মহেশ্বেতার গান, আরও কত কী। অতি সুন্দর প্রথা। সবার সাথে দেখাশোনা, মেলামেশার শেষে বাড়ি ফেরা। নবীনরা প্রবীণদের আপ্যায়নে ব্যস্ত থাকে। আজও এই প্রথা চলছে, হয়ত একটু রকমফের হয়েছে। এই ব্যবস্থা আর কোথাও আছে বলে আমার জানা নেই। এখনও ওই দিনটাতে আমি কলেজে যেতে ভালোবাসি। কলেজের আরও দুটি বিভাগ — একটি অফিস ও একটি লাইব্রেরি।

অফিসের কাজকর্মে কোনদিনই মাথা ঘামাতে হয়নি সমস্ত কিছু সুচারু ও মসৃণ ভাবে হয়ে গিয়েছে। স্যালারি-শীটে সই করা ছাড়া আমি আর কিছুই করিনি। শীতলবাবু মাঝে মাঝে খবর দিয়ে সইগুলো চেয়ে নিতেন, তিনি আজ আর আমাদের মধ্যে নেই।

লাইব্রেরিতেও কখনও কোন অসুবিধা হয়নি। যখন যে বই চেয়েছি পেয়েছি আর পেয়েছি সকলের সুন্দর ব্যবহার।

তারপর দেখতে দেখতে এসে গেল বহু পূর্ব নির্ধারিত সেই দিনটি — অর্থাৎ আমার অবসরের দিন ৩০ শে নভেম্বর ২০১২ সাল। একই দিনে ছাত্রছাত্রী, অশিক্ষক কর্মচারী এবং শিক্ষক সংসদের দেওয়া তিনটি সম্বর্ধনা পেয়েছিলাম। ছাত্রছাত্রীরা বড় সুন্দর অনুষ্ঠান করেছিল। তাদের তৈরি করা নানা শিল্পকর্ম ও উপহার এখনও রেখে দিয়েছি। সেদিন নিজেকে ভারি অন্যরকম লাগছিল, বিশেষজন বলে মনে হচ্ছিল, আপ্লুত হয়েছিলাম। টেবিলের ওপাশটায় বসেছিলাম। কিছু বলেছি, অনেক কিছু শুনেছি। অনেক উপহার, ফুল পেয়েছি। খাওয়া-দাওয়াও ছিল। তারপর দিনের শেষে ভারাক্রান্ত মনে বর্তমান থেকে প্রাক্তন হয়ে গেলাম, বরিষ্ঠ নাগরিকে পরিণত হলাম।

অবসর নিয়েছি তাও প্রায় এক যুগ হতে চলল। এখনও কোন কাজে/অকাজে কলেজে গেলে, প্রথম গেট থেকে হাসি মুখের আহ্বান পাই, লিফট, অফিস সবখানেই যারা এখনও চেনা তাদের কাছ থেকে কুশল জিজ্ঞাসা পাই। স্টাফ রুমে ধীরে ধীরে চেনা মুখের চেয়ে আজ অচেনা মুখ বেশি দেখতে পাই। অচেনাদের থেকে চেনা মুখ বেরিয়ে এসে দিদি বলে আপ্যায়ন করে। স্বল্প চেনা মেয়েটি 'দিদি বসুন' বলে চায়ের কাপ এগিয়ে দেয়, ভালো লাগে। বিভাগে ধীমান ছাড়া আর কেউ আগের নেই। তবে শীর্ষেন্দু, সূর্য, পার্থ সবাই চেনা, সবাইকেই ভালো লাগে। ভালো লাগে হিম্মত যখন দিদির হাতের এলোমেলো কাগজগুলো না বলতেই একটা পুরানো ফাইল করে গুছিয়ে এনে দেয়। কলেজ গেলেই বিভাগেও যাই, মনে হয় এই তো সেদিন

এখানে ছিলাম। আমারই কলেজ ছিল এটা। এই কলেজের শিক্ষিকা ছিলাম আর এখন অবসরপ্রাপ্ত শিক্ষিকা। কাজেই এর সঙ্গে অচ্ছেদ্য বন্ধনে আমি বাঁধা। শুধু এটাই নয় আমার স্বামী আর কন্যাও এই কলেজেরই প্রাক্তনী। এই কলেজ আমার বড় নিজের। কলেজের প্রশংসায় মন ভরে ওঠে, মন্দ কিছু শুনলে খারাপ লাগে।

আমার অতি প্রিয় পারমিতার আগ্রহে ও তাগিদে আমার এই লেখার প্রচেষ্টা। তেমন করে কিছু লিখতে পারিনি, যা মনে হল তাই লিখলাম। এই প্রতিষ্ঠানের উত্তরোত্তর উন্নতি হোক এই কামনা করি। কলেজের সকলের জন্য অনেক শুভকামনা জানিয়ে লেখা শেষ করলাম।

T. Bagchi

(তপতী বাগচী)

# INTERVIEW OF DEBDAS ROY



**Debdas Roy**
Retd. Professor, Dept. of Geology
17.04.1979 — 31.03.2013

Interviewer: Sir, tell us something about yourself.

DR: I joined Geology Hons.in 1969. My admission day is memorable for me. There was direct admission in those days. I still have the marksheet on the reverse of which it is stated in the Vice-Principal's hand 'Admit today in Geology Hons.' I stood in the line and walked up to Paresh babu. We had no phones then, only a no-dial phone in college for contact purposes. He asked me 'Why are you here?' I said 'For my admission money.' The fee counter was open till 3 pm. I was asked 'Why did you choose Geology?' Actually my cousin's brother-in-law was a famous geologist with the GSI. He inspired me to take up this subject as it has a direct connection with nature. There is a lot of fieldwork and interaction with many people. There is no such exposure in any other subject. I was happy regarding my subject selection.

After completing my B.Sc. I went to IIT Kharagpur to do my M.Sc. via lateral entry. I joined Ballygunge Science College as a research scholar. This was in 1976. On 17 April 1979 I joined Asutosh college as a teacher.

My two biggest achievements were: despite my not being a very good student I got a great deal of love from my teachers. Despite my not being a very good teacher I got immense love from my students. Sisir Sen has certified me for the subject. What can be more satisfying than this?

Another great experience was the Ford Foundation project. 24 colleges were selected from India during Suvankar babu's time. First was the Campus Diversity Initiative, The professor [in charge] was B. R. Mehta who was Vice-Chancellor of Delhi University. Before him was Sarada Nair. We adopted a village school near Bhasa. Every Saturday we used to visit individual houses. We would also stage plays for them, the scripts being written by Suvankar babu. I ran the Ford Foundation programme in college. I was assistant director and after the retirement of Amritava Banerjee I took over as director.

We used to conduct 7 to 10 programmes every year. Students were trained in many subjects. They were also given IAS preparation. Two colleges had been selected: Presidency and Asutosh. We would discuss the benefits students would get. If a student had not received a scholarship recommendation or if someone's result was not good we would work on that.

I was once asked why I did not make use of the car made available by the Ford Foundation. I replied that I was doing it for the love of my students and not for a car service.

[Translation into English from an interview conducted by a Sparsha Team Member in Bengali]



**(Debdas Roy)**

# আমার কাছে আশুতোষ কলেজ



**অনসূয়া চট্টোপাধ্যায়**
প্রাক্তন অধ্যাপক
০২.০৫.১৯৮৬ – ৩১.১০.২০১৩

আমার জীবনে “আশুতোষ কলেজ” একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। জৈব রসায়নে Ph.D. করার পর আমার লক্ষ্য ছিল কলেজে পড়ানো, কন্তু C.S.C-তে আমি তৃতীয়বার ইন্টারভিউ দিয়ে আশুতোষ কলেজে চাকরি পাই। তাই আমার সহপাঠীদের তুলনায় আমার কলেজে চাকরি জীবন অপেক্ষাকৃত সংক্ষিপ্ত। ১৯৮৬ সালের ২ মে আমি কলেজে যোগদান করি ও ২০১৩ সালের ৩১ অক্টোবর অবসর গ্রহণ করি। তখন আশুতোষ কলেজে কেবলমাত্র ছাত্র ছিল, ছাত্রীদের প্রবেশাধিকার ছিল না। রসায়ন বিভাগে পনেরোজন অধ্যাপকের মধ্যে আমি একমাত্র অধ্যাপিকা। সকলেই আমার থেকে অনেকখানি বড় ছিলেন। তাঁদের মধ্যে যিনি আমার অভিভাবকের মতো ছিলেন তিনি হলেন সুঁবীর বসু রায়। প্রথম দিনই সুবীরদা আমাকে সুন্দর করে বলে দেন কী পড়াতে হবে এবং কতখানি দায়িত্ব নিতে হবে। আমার সহপাঠী মোহিনী মোহন আদক এবং আমার স্নাতক স্তরের গৃহ শিক্ষক সমরেন্দ্রনাথ বসুকেও এখানে সহকর্মী রূপে পাই। তাই বিভাগে মানিয়ে নিতে আমার কোন অসুবিধে হয় নি। ছাত্র সংখ্যা তখন অনেক কম ছিল। তাই ক্লাস সামলাতেও বিশেষ বেগ পেতে হত না। আমাদের রসায়ন বিভাগের স্টাফ রুম নীচে হওয়াতে আমরা একটা পরিবারের মতো ছিলাম। এখানেই চা করা হত। সুবীরদা সকালে যোগমায়া দেবী কলেজে ক্লাস নিয়ে ১০:১৫ থেকে আমাদের ক্লাস নিতেন। ওনার চা’র প্রয়োজন বেশি পড়ত। নিজে চা করে সকলকে দিতেন। আমাদের ডিপার্টমেন্টে - এ সুবীরদা একমাত্র Ph.D. ছিলেন না। কিন্তু ওনাকে super teacher বলা যেত, এত ভালো দখল ছিল জৈব রসায়নের ওপর। একসাথে পিকনিকে যাওয়া হত, বেড়াতে যাওয়া হত। সকলের পরিবারের সাথেও আমার পরিচিতি হয়ে গিয়েছিল। তখন আমাদের অধ্যক্ষ ছিলেন শুভঙ্কর চক্রবর্তী। প্রথম দিনই দোতলার স্টাফ রুমে - এ নিয়ে গিয়ে উনি আমাকে সকলের সাথে পরিচয় করিয়ে

দেন। ওখানে আলাপ হয় বাসন্তীদি, কৃষ্ণাদির সঙ্গে। পরে এনাদের সাথে যথেষ্টই ঘনিষ্ঠতা বাড়ে বিশেষ করে কৃষ্ণাদির (কৃষ্ণা রায় মহাশয়) সাথে। বাসন্তীদি আমাদের চা চক্রের সম্পাদিকা ছিলেন। তখন বাসন্তীদির তত্ত্বাবধানে চব্বিশে ডিসেম্বরের মধ্যাহ্নভোজন খুব আকর্ষণীয় ছিল। আমরাই পরিবেষণ করতাম। বাসন্তীদি বাড়ি থেকে পরিবেষণের বালতি, হাতা ইত্যাদি নিয়ে আসতেন। এমনকি পান পর্যন্ত সেজে নিয়ে আসতেন। ছোটো ছোটো পানের খিলি কমলালেবুর স্বাদ গন্ধযুক্ত। অপূর্ব ছিল সেই পানের স্বাদ। বাসন্তীদি যে বছর অবসর নিলেন সেই বছর থেকে ক্যাটারারের প্রবর্তন হয়। তারপর আমি চা চক্রের দায়িত্বে এলাম। ১৯৯৭ সালে আমার কাছ থেকে দায়িত্ব নেয় অঞ্জুশ্রী।

বাঙ্গালোরের প্রেসিডেন্সী কলেজের কাছে মেয়ের P.G - তে থাকার খোঁজার সময় যখন একজন ছেলে কাঁধে ব্যাগ নিয়ে বলে “Madam আমি তো আপনার কাছে পড়েছি।” আর মুহূর্তের মধ্যে আমার সমস্যার সমাধান হয়ে যায়। তখন সমরদার কথা মনে পড়ে যায়। “যেখানেই যাবে এক পিস আশুতোষ কলেজ পাবে।” তাই মনে হয় দেরিতে হলেও আশুতোষ কলেজে তো পড়াতে পেরেছি। এ আমার সৌভাগ্য।

আশুতোষ কলেজে আমার কর্মজীবনে বিশেষ উল্লেখযোগ্য ভূমিকায় আছে কলেজের শিক্ষাকর্মী, বন্ধুরা। রসায়ন বিভাগের প্র্যাকটিকাল ক্লাস এবং পরীক্ষা খুব সুন্দরভাবে সম্পন্ন করতে পেরেছি বিভাগের শিক্ষাকর্মীদের সহায়তায় যাদের মধ্যে বিশেষভাবে উল্লেখযোগ্য রাধাকৃষ্ণ, ক্ষীতিশ, সমীর। যাদের নাম বলা হল না তারা প্রত্যেকে খুবই সাহায্য করেছে। অন্য কলেজে পরীক্ষা নিতে গিয়ে এই সত্য আরো বেশি করে উপলব্ধি করেছি।

A. Chattopadhyay.

**(অনসূয়া চট্টোপাধ্যায়)**

# আশুতোষ কলেজ : কিছু স্মৃতি



**মহাশ্বেতা দাশ শর্মা**
প্রাক্তন অধ্যাপক, ইতিহাস বিভাগ
০১.০৯.১৯৮৪ - ৩০.১১.২০১৫

১লা সেপ্টেম্বর ১৯৮৪। আশুতোষ কলেজের বিরাট প্রাঙ্গণে যখন প্রথমবার পা রাখলাম তখন একদিকে মন আনন্দে ভরপুর, তেমনই অন্যদিকে ছিল কিছু আশঙ্কা। মনে হয়েছিল, এই কলেজের বড় বড় ক্লাস কি নিতে পারব? এই দোলাচলের মধ্য দিয়ে কলেজে প্রবেশ করলাম এবং একত্রিশ বছর খুবই আনন্দে কাটালাম। আনন্দ বিষাদে, শান্তি অশান্তিতে সব মিলিয়ে আশুতোষ কলেজের পরিবারে অন্তর্ভুক্ত হয়ে আমার জীবন সার্থক হয়েছে। যখন ২০১৫ সালে অবসর গ্রহণ করলাম তখন সেই পরিপূর্ণতা নিয়েই বিদায় নিলাম।

প্রথম দিন শুভঙ্কর চক্রবর্তীর ঘরে সেদিনের উষ্ণ অভ্যর্থনা আজও মনে পড়ে, সেই বিরাট ঘর আর বড় বড় জানালা যেন কলেজের ব্যাপ্তির দ্যোতক। বিশেষ করে অধ্যক্ষ মহাশয়ের ব্যক্তিত্ব, তাঁর ধুতি পাঞ্জাবী পরিহিত মূর্তি, তাঁর দৃঢ়তা, তাঁর সহজ সরল ব্যবহার ভালো লেগেছিল।

অধ্যক্ষই ইতিহাস বিভাগের অধ্যাপক প্রবীর রায় চৌধুরীকে ডেকে পাঠালেন এবং আমার সঙ্গে পরিচয় করিয়ে দিলেন। ইতিহাস বিভাগে আমি প্রথম মহিলা অধ্যাপক। অধ্যাপকদের বিরাট ঘরটি আমার খুব ভালো লাগল। বড় বড় জানালা দিয়ে হাজরা পার্কের সবুজ গাছগুলো দেখা যায়। একটা বড় কদম গাছ (মনে হয় এখনো আছে) বর্ষায় ফুলে ফুলে ভরে উঠত। ইতিহাস বিভাগের প্রধান ছিলেন পরম শ্রদ্ধেয় প্রণয় বল্লভ সেন। তিনি ছিলেন বিরাট পণ্ডিত কিন্তু ব্যবহার ছিল অত্যন্ত অমায়িক। তাঁর আন্তরিকতা, তাঁর সহযোগিতা আমার কর্মজীবনের দিনগুলিকে সহজ করেছিল। কন্যাসম হলেও তিনি আমায় কখনো নাম ধরে সম্বোধন করেন নি, আমায় ম্যাডাম বলতেন। সে সময় আশুতোষ কলেজে শুধু ছেলেরা পড়ত। সহ-শিক্ষা (co-education) অনেক পরে চালু হয়।

আশুতোষ কলেজের অধ্যাপকদের ঘর এক অনন্য স্থান। সে সময় বিজ্ঞান বিভাগের অধ্যাপকদের কাজ করার আলাদা কক্ষ ছিল, কলা বিভাগের বা যে সব বিভাগের ল্যাবরেটরি ছিল না সে সব বিজ্ঞান বিভাগের অধ্যাপকরা এই অধ্যাপকদের ঘরে বসতেন, আমার মনে হয় তা একপক্ষে ভালোই ছিল। সবার সাথে দেখা হত প্রায় প্রত্যেক দিন। মাঝে মাঝে কাজের একটু অসুবিধা হলেও নিজেদের মধ্যে মেলামেশা করার অবাধ সুযোগ ছিল। এই ভাবে বিভিন্ন বিভাগের অধ্যাপক অধ্যাপিকাদের সঙ্গে আত্মীয়তার বন্ধনে আবদ্ধ হয়েছি। অবশ্য মাঝে মাঝে তর্ক-বিতর্ক হয় নি তা নয়। তবে এই সব তর্ক, বাদানুবাদ ছিল ক্ষণস্থায়ী, একটু পরেই আবার সবাই চা বিস্কুট খেয়ে সে সব ভুলে গেছেন। আশির দশকে প্রায়ই বামপন্থী-দক্ষিণপন্থী বিতর্কে অধ্যাপকদের ঘর তোলপাড় হয়ে যেত, পরক্ষণেই সব শান্ত। এই মতানৈক্য কখনোই ব্যক্তিগত সম্পর্ককে নষ্ট হতে দেয় নি। রোগে শোকে একে অপরের পাশে দাঁড়ানোর নীতি আশুতোষ কলেজের বৈশিষ্ট্য। পারস্পরিক সম্পর্কের এই মাধুর্যই কলেজের প্রতি এক অমোঘ আকর্ষণের কারণ ছিল।

এই ঘরেই কত বিচিত্র সব আলোচনা। রাজনীতি, সমাজ, নাটক, খেলাধূলা, খাওয়া দাওয়া, পঠন পাঠন সবকিছু নিয়েই আলোচনা হত। এইসব আলোচনা আমায় ঋদ্ধ করেছে। অধ্যাপকদের কথা আলোচনা করতে করতে একটি ঘটনার কথা মনে পড়ে। কলেজে যোগদানের পরের মাসে অর্থাৎ ৩১ শে অক্টোবর ১৯৮৪ ইন্দিরা গান্ধীর আকস্মিক হত্যার খবর ছড়িয়ে পড়ার সঙ্গে সঙ্গে বাস ট্রাম ট্রেন সব বন্ধ হয়ে যায়। তখন আমার বয়স কম, কোলে ছোটো বাচ্চা। আমি তখন শিয়ালদহে থাকি। খুব চিন্তায় পড়েছি। কিন্তু সব চিন্তার নিরসন ঘটিয়ে শ্রদ্ধেয় প্রণয় বল্লভ সেন আমায়, সংস্কৃত বিভাগের সুজাতা রায়, সংখ্যাতত্ত্ব বিভাগের এনা চ্যাটার্জীকে নিয়ে পিতৃসুলভ মমতায় আমাদের ঘরের কাছে পৌঁছে দিয়েছিলেন। রাস্তাঘাট থমথম করছে, মনে প্রচণ্ড ভয়, এর মাঝেই গল্প করতে করতে, আমরা বাড়ি পৌঁছেছিলাম।

এবার আসি ছাত্রছাত্রীদের কোথায়। আশুতোষ কলেজের ছাত্রছাত্রীরা বরাবরই প্রাণোচ্ছল। আশির দশকে যখন আমি কলেজে যোগ দিই তখন ছাত্র সংখ্যা কম ছিল। বড় বড় ঘরগুলো সম্পূর্ণ ভর্তি হত না পাসের (pass) ক্লাসে। পরবর্তীকালে এই সংখ্যা এতো বেড়ে যায় যে একটা register এ কুলোত না, দুটো বা তিনটে register নিয়ে ক্লাসে যেতে হত। প্রথমদিকে pass - এর ক্লাস গুলো পড়াতে ভালো লাগত। ছাত্রছাত্রীরা মনোযোগ দিয়ে পড়া শুনত। কিছু ইন্টারঅ্যাকশন ও হত। কিন্তু পরে ছাত্র সংখ্যা অতি মাত্রাতে বৃদ্ধি পাওয়াতে পাসের ক্লাস নেওয়া দুঃসাধ্য হয়ে উঠেছিল। অনেক ছাত্রকে আর চিনতে পারতাম না। এর ফলে ছাত্র-শিক্ষক সম্পর্কও অনেক শিথিল হয়ে যায়।

আশির দশকে ছাত্রদের সংখ্যাই বেশি ছিল। নব্বই-এর দশক থেকে মেয়েরা এই কলেজে অধ্যয়ন করতে আসে। প্রথমে non-laboratory বিষয়গুলি যেমন সংখ্যাতত্ত্ব, অঙ্ক, অর্থনীতি এই সব বিভাগে এবং কলা বিভাগে ছাত্রী নেওয়া হয়। পরে অন্যান্য বিভাগেও ছাত্রী ভর্তি করা হয়। মেয়েদের যোগদান কলেজকে সমৃদ্ধ করেছে, পরিপূর্ণ করেছে, সাংস্কৃতিক অনুষ্ঠানগুলি অনেক বেশি আনন্দময় হয়ে উঠেছিল।

আশুতোষ কলেজের প্রতিষ্ঠা দিবস ১৭ জুলাই। আমি যখন কলেজে যোগ দিই তখন এই দিনটি নিয়ে তেমন কোন উচ্ছ্বাস ছিল না। অধ্যক্ষ মহাশয় একটি ছোটোখাটো অনুষ্ঠানে স্যার আশুতোষ-এর প্রতিকৃতিতে মাল্যদান করে দিনটি উদ্‌যাপন করতেন। পরবর্তীকালে এই অনুষ্ঠান খুব সমারোহের সঙ্গে পালন করা হত। অনুষ্ঠানে ছাত্রছাত্রীদের নৃত্যগীত নাটক ও শিক্ষ-শিক্ষাকর্মী কর্মীদের যোগদানে আনন্দময় হয়ে উঠত।

এইসব অনুষ্ঠানে সব সময় প্রাক্তন অধ্যাপকদের আমন্ত্রণ জানানোর রীতি ছিল। প্রাক্তনীরাও এই দিনের জন্যে

সাগ্রহে অপেক্ষা করতেন। অনুষ্ঠান শেষে সবাই অধ্যাপকদের কক্ষে মিলিত হয়ে বিকেল পর্যন্ত গল্পগুজব করে বাড়ি ফিরতেন।

কলেজের একটি প্রিয় স্থান ছিল আশুতোষ কলেজের পাঠাগার। একতলায় অবস্থিত বলে সেটি একটু অন্ধকার ছিল, তবে বইয়ের বিরাট কালেকশন ছিল। Reading Room-এ বিশেষ কেউ যেতেন না তাই অনেক সময় নিরিবিলিতে বসে কাজ করা যেত। পরে অধ্যক্ষ ড. দেবব্রত চৌধুরীর সময়ে এটিয় অনেকটাই পরিবর্তন করা হয়েছিল, তারও পরে পুরো পাঠাগারকে ডিজিটালাইজ় করে একটি আধুনিক পাঠাগারে রূপান্তরিত করার কাজ ড. দীপক করের সময় হয়েছিল।

এছাড়া ছিল বিভাগীয় পাঠাগার। Seminar library বিভাগের সাম্মানিক বিষয়ের ছাত্রছাত্রীদের জন্য। কলেজে যোগ দেওয়ার পর এই বিভাগের দায়িত্ব আমার উপর বর্তায়। এই কাজ খুব আনন্দের সঙ্গে করতাম। সেসময় কিছু ছাত্রছাত্রী বই পড়ত তাদের হাতে বই তুলে দিতে খুব ভালো লাগত। UGC Grant-এর টাকা থেকে বই কেনা হত, তবে অধ্যক্ষরা কখনোই বই কেনার ব্যাপারে কার্পণ্য করতেন না। এখন অবশ্য বই পড়ার রেওয়াজ আর নেই, ছাত্রছাত্রীরা শুধু নোটবই মুখস্থ করে।

আশুতোষ কলেজের আর একটি সম্পদ খেলার মাঠ। ময়দানে খেলার মাঠে বড় একটা যাওয়া হত না। তবে বাৎসরিক ক্রীড়া প্রতিযোগিতায় আমরা অনেকে যেতাম। বিরাট রঙিন শামিয়ানার নীচে বসে আনন্দ করে চা মুড়ি খাওয়ার স্মৃতি এখনো ভেসে ওঠে। আবার শীতকালে শিক্ষক ও শিক্ষাকর্মীদের ক্রিকেট খেলা হত। খেলার মাঠে tent-এ নির্মলদা মাংস-রুটি তৈরি করতেন। হৈ হৈ করে সারাদিন কেটে যেত।

আর একটি অনুষ্ঠানকে ঘিরে অনেক মধুর স্মৃতি আছে। প্রত্যেক বছর ২৪শে ডিসেম্বর আশুতোষ কলেজের চা-চক্রের বাৎসরিক মিলনোৎসব অনুষ্ঠিত হত। কলেজে চা খাওয়ার জন্য অধ্যাপকরা যে চাঁদা দিতেন তা থেকে বছরের শেষে একটা মহাভোজ হত, সঙ্গে সাংস্কৃতিক অনুষ্ঠান। প্রাক্তন অধ্যাপকরা এই অনুষ্ঠানে যোগদান করার জন্য সাগ্রহে অপেক্ষা করতেন সারা বছর। একবার চা-চক্রের সদস্য হলে আজীবন ২৪ সে ডিসেম্বর এই অনুষ্ঠানে যোগদান করার সুযোগ মিলত। এই অনুষ্ঠান শুরু করেছিলেন বাংলা বিভাগের অধ্যাপিকা বাসন্তীদি। তখন ঠাকুর ডেকে, বাজার থেকে মাছমাংস কিনে রান্না হত। অন্যরকমের আনন্দ। পরে অবশ্য ক্যাটারিং-এর ব্যবস্থা হয়, এই দিনগুলির কথা মনে পড়লে এখনো গভীর আনন্দ অনুভব করি।

অবসর জীবনে এই আনন্দের মুহূর্তগুলিই আমার জীবনের পাথেয়।

Mahasweta Das Sharma

**(মহাশ্বেতা দাশ শর্মা)**

# Those were the Days



**Raikamal Dasgupta**
Retd. Professor, Dept. of English
(07.11.1981 — 31.12.2016)

I joined the Asutosh College family in November 1981. We were possibly the first batch to be appointed by the College Service Commission. In those days Asutosh College was a Boys' college; it became co-educational later. It was then the practice for lady professors to be appointed to boys' colleges. The students comprised five years – Classes 11 and 12, and then the three years of undergraduate study. I was probably the sixth among the lady professors. Basanti di [Dr Basanti Mukhopadhyay, dept. of Bengali] was the first to be appointed, followed by Krishna di [Krishna Raymahasay, Sanskrit], and, in that same year Arundhati Chanak [Economics], Ena Chatterjee [Statistics] and Debika Halder [Statistics] – one in July and the other in August- I forget who joined earlier. I joined in November and Sujata [Dr Sujata Roy, Sanskrit] joined in December that year.

Since we were all new appointees with the smell of student life still clinging to us, we would huddle together around the small desk in the right-hand side of the room as one entered through the door. Our role model was Basanti di. We would gaze at her enraptured. She would be taking classes, participating in all cultural activities, running the Tea Club and at the same time circulating through the Staff Room and engaging everyone in conversation.

My reminiscences are probably not going to come out in the correct sequence. What may have occurred later I may mention earlier, and what took place earlier I may mention later. That is the nature of memory. That is why I have chosen to record my thoughts rather than pen them down.

Many of us had newly joined our jobs and at the same time we were juggling the responsibilities of the families we had married into. It was a time of stress and strain - *chaap* is what they call it nowadays. Someone suggested to Basanti di one day that she was easy and relaxed and able to do so much because her daughters had grown up. Basant di was of course very witty. Her instant reply was: 'Yes, you're right! My elder daughter sat for her Higher Secondary the day *she* was born, and the younger for the Secondary Examination the day she was born.' Basanti di gave us some really valuable advice – she told us not to cluster together in a tight group simply because we were of the same age and had joined at about the same time. She said it was necessary that we sit at the different tables and converse with everyone. The truth of the matter was that we were a little diffident about this. It must be remembered that the staff room of Asutosh college was peopled by veritable giants – legendary professors, clad mostly in dhoti-panjabis, whose names were known to us from well before we joined. I could mention the names of Dr Krishnalal Mukhopadhyay [Bengali], or Dr. Parimal Kar [Political Science], some of whose lectures I had heard even prior to my joining college. Fortunately for me someone I knew personally was also there. I mean my colleague Udaybhanu Bhattacharjee, whom I had known from my M.A. days. He had been one of our favourite dadas, and it was so reassuring for me to have him as my departmental colleague. I felt he would be there to protect me if so required, and indeed that was the case. A workplace is after all full of vicissitudes and challenges.

My memory takes me to a particular incident. We used to be in the habit of staying on in college after our classes got over for the day. Mostly we would be engaged in conversation with the seniors, and by conversation I mean they would do the speaking and we would mostly do the listening, although we also had our own opinions to offer. Prabir da, Prabir Roy Chowdhury of the department of History enjoyed getting into debates. He had been schooled at the Ramakrishna Mission but he was also extremely critical of the institution. Also present that day were Pranay Ballav Sen, another stalwart of the department [of History], with whom I had shared a speaker's lectern before I joined college. Gopal da [Gopal Tribedy, Economics] was also there – more about him later. Prabir da was saying to me: 'Look at your Belur Math. When rich devotees land up they offer them *payesh*, and the poorer lot get *bondey*.' Many were stuck strongly by this. A sanyasi ought to be even-minded and even-handed. I felt strongly affronted. True, I was a junior in college but my association with the Ramakrishna Mission went back years. My response was immediate: 'The sanyasis at Belur Math do not join the mission so as to spend their days meditating in Himalayan caves. They join in order to perform social service and for that some money is needed. Had they been living in caves none of this would have mattered. But they do need money and for that that they do need to court wealthy devotees. As for the *bondey,* even that is prasad.' There was a certain fury in my answer which astonished the seniors. However, I was stoutly supported by Pranay Ballav Sen and Paritosh da [Paritosh Basu, Political Science]. With this incident I seemed to have obtained a gatepass to the world of the seniors.

Let me also mention an incident involving Gopal da, although chronologically it really should come later. When I joined Asutosh college, Dr Suvankar Chakraborty was the Principal. Prior to my joining my notions regarding the college were very

hazy and vague. I belonged to a north Calcutta family. My entire education had been in the north, and the same held true for my father, my aunt, and even my mother. It was either Presidency or Scottish Church for us, on both sides of the family. I had gone to Bethune college, an intensely disciplined institution. We would hear disparaging references to Asutosh college as being some kind of cowshed. I remember my appointment letter coming during the Puja vacation, which at that time stretched as far as Jagatdhatri Pujo and so my joining was on 7th November. An uncle [kaka] of mine who lived in the Bhowanipore area and had studied in Asutosh College had already come and met me by then. 'You will love the place,' he told me, ' So much heritage, what a noble building, what large doors and what spacious windows, and such a large hall.' I had to give it back: 'What are you saying?' I said, 'I come from Bethune college. Can Asutosh have larger doors and windows?' After joining I realised that the large hall my kaka had spoken of had been partitioned into the Seminar, or departmental, library and the adjacent corridor and rooms. One of the rooms was numbered 14L; anyway the room numbers were changed later. My kaka reserved his heaviest weaponry *[Brahmastra]* for the last: 'Do you know how many cinema halls are there near Asutosh College? Does Bethune have anything like this?' Upon this matter I had to concede defeat.

Living in north Calcutta as I did and working in the south it was not always possible for me to watch films in my own neighbourhood, but I do remember watching *Adalat o Ekti Meye*, at Indira cinema, I think. I would always be petrified at the thought that I would find a student sitting in the next seat, or at the same restaurant or food counter if I went out for food. Countless times I simply clamped down on my hunger. This inhibition, I must add, was not peculiar to me. All of us, of our generation, seemed to feel that society would be scandalised to see teachers eating out or entertaining themselves. Anyway, to return to what I was saying, when I came to join college, I found the Principal, Dr Suvankar Chakraborty, in a state of gherao. The unruly students surrounding him were seated firmly on mats and would not of course even let me enter the room. That was normal, for I was a stranger.

I addressed them directly. 'Baba,' I said, and I used the word baba deliberately, as a kind of safety guard, for between them and me the difference of age was not great, 'I have come here to join my duties. I am going to be your teacher. Do you really want me to go away with an adverse impression about you?' My mildness of approach worked in my favour. Let madam in was the general consensus. I went in and submitted my joining letter and was introduced to the head of the department of English, Dr Patitpaban Banerji, a most cordial and affectionate person. The very next day I took my first class. It was on Shakespeare's *As you Like It*. We used to be, in those days, as I would jocularly say even later, something like daily labourers. We had just joined, there was never any time for complete lesson plans. Whatever was needed for the next day's lecture was the utmost that we could prepare. Some students with their minds bent on mischief would ask me questions that pertained to the text as a whole and could only be addressed when the primary reading was over. For them I had a standard answer ready: 'That's interesting. I have not thought about it from this point of view. I'll need to think about it.' This answer would invariably satisfy them.

I was slight of build, and my relatives and well-wishers would always worry about how I was managing to cope in a boys' college. But I was never worried about it at all.

I will say that my students of that generation were extremely intelligent. I am using the word intelligent. They understood perfectly that I was trying my hardest to work for their good and it would be a foolish thing for them to upset me. I'm going back to *As You Like It*. Whenever I reached any passage that would cause me discomfort, I would say, 'There's really nothing to explain here.' None of them would ever demand an explanation of those lines. I had completed my studies as an underaged student and the difference between me and my first batch was barely five years. With age and experience things changed and I could teach texts like 'To His Coy Mistress' from a purely academic point of view, looking straight into my students' eyes.

I now need to talk about Gopal da. He was the Teachers' Council Secretary. At that time Refresher courses had just been introduced. These were new additions to our academic life and there would be plenty of applicants and a great deal of competition. I had applied for a Refresher course at the department of English, Jadavpur University, and handed over my application to Sati di [Prof. Sati Chatterjee]. I was selected. It was August, during the full session, and I now had to obtain the principal's permission. Dr Suvankar Chakraborty refused outright. For him the welfare of the students came first, over and above the welfare of teachers. I generally used to be able to match him with my arguments. 'The welfare of students and the welfare of teachers are not separate at all,' I told him. 'When a teacher upgrades her skills, it can only benefit the students.' My words made no impression on him. I returned to the staffroom tired and disheartened. Basanti di approached me and tried to find out what had happened. She then approached Gopal da who came and sat next to me and said in a very tender voice: 'Do not worry, Raikamal. Of course you will go for the refresher course. You will, I guarantee it.' I don't know what he told Sir (we used to refer to Dr Suvankar Chakraborty as 'sir'), but, a little later I received a summons from the Principal. He sounded irate: 'Did you have to actually go and approach Gopal da?' I protested that I had not approached him at all; rather, he had seen me sitting downhearted and come and spoken to me. Upon which Dr Chakraborty said: 'You may go for the Refresher. I was only testing you and you have passed the test.'

How can I not mention Krishna di? I should have mentioned her first. I do not know how I would have spent my days and hours in college had it not been for her. Among ourselves we would say that if one felt low and sad, the thing to do would be to sit down next to Krishna di for just a little while. She would invariably see only the best in others. She would see qualities in them that they themselves might be totally unaware of. And the person in question would think – 'perhaps I really do possess these qualities.' Krishna di was so, so positive. She was much senior to us and she would always exhort us, the new lady teachers, to prove ourselves in the classroom, to give it our all. We lived in a climate where some of the male members of faculty were openly of the opinion that for us the home was the centre of our being and we had joined the profession only for some extra money for saris and jewellery. I remember a senior professor telling me: 'You have snatched a boy's job.' 'What do you mean?' I retorted, 'did the Commission in its interview give me some 10 or 20 marks extra because I am a woman? I fought on the same platform and proved myself.' These statements might seem very anachronistic or irrelevant today, but at that point in time we had to constantly prove ourselves, both at home and outside.

When the seniors saw the depth of our sincerity they finally accepted us whole-

heartedly and truly became our dadas, our elder brothers- most of them at least. We were truly the recipients of their affection and yes, their protection.

When we joined college we used to find the stage and tables unadorned on special occasions. It was Krishna di who spent out of her own pocket to purchase tablecloths and other items needed for a proper decoration. I became Krishna di's disciple. On the 16th of July, the day before the annual celebrations of 17th July, we would be busy setting up the stage and the hall and very often would not reach our homes until nine at night. The work was never outsourced. We teachers would provide directions and the students would execute our plans. I remember a particular year when the GS of the Students' Union – his name was Bhaskar, I forget his surname - said: 'Madam, we will pass out this year. Who will help you next year?' And, truly, we used to wonder who would clamber up and down doing the same job next year,

This reminds me of Sudhin da [Sudhin Bandopadhaya, Physics]. Dr Suvankar Chakraborty had left by then and Sudhin da was the Teacher-in Charge. He had this very great love for college and used to explore ways and means of saving costs. At that time Chandramalli [Dr Chandramalli Sengupta, Bengali] had joined me in arranging the 17th July celebrations. It so happened one particular year that the sum Sudhin da had given to cover costs was simply not enough. I suggested that we buy khoi and string it together into a necklace. And the students had brought two date-palm leaves, These are spiky at the edges. So we stuck Khoi on the tips of the spikes and placed each leaf near them near the two wings of the stage. They looked splendid and drew much appreciation from everyone.

I must relate another anecdote concerning Sudhin da. When we administered our 3rd year 'Test' exams the question papers would be hand-written. There would be very many choices since the Head of the department would compile all the questions given by members of the concerned faculty. I was Head at that time, my handwriting was on the larger side, and the question paper when I had written it out was three full pages. Sudhin da was furious. Such a long question paper, and so many students in the department of English. College would have to spend so much money on photocopies! Sudhin da dismissed me. But. . .the next day I discovered that he had gone back home and compressed my three-page Question paper into one page of his tiny handwriting. Would any Principal ever do this? It was simply a labour of love.

Another time the 17th July programme had gone off very well. Sudhin da had stayed in college till the end and he complimented us when we went to meet him. I immediately asked him for baksheesh – a hundred rupees for Chandramalli and another hundred for myself. Sudhin da was nonplussed, but Anuj da [ Anuj Ganguly, PA to the Principal], who was there and completely aware of the backstory, said, 'Give them the money, sir. There is a reason behind it.' So Chandramalli and I were given Rs 100 each. What had happened was that the money had run out. We had emptied our purses, keeping only sufficient bus fare for the journey home. But even that was not enough. You must remember that this was before ATM cards. The *tabalchi* was waiting for his dues, Rs 200, and this is how we obtained the money.

Well before 17 July the students would be given *talim* in Udbodhan Sangeet. Krishna di had taught us that the word is *Udbodhan*, not *Udbodhani*, which is in defiance of grammar. Krishna di might have had the tenderest soul, but she would not tolerate

any kind of errors, whether in music or dance. Imperfection was not for her. Either the performer had to get it right, or he/she had to move on. In fact during our first NAAC visit [in 2002] Krishna di was in charge of the cultural programme. We had called over Sohini Dasgupta, who later became a name in the field of film direction. She had been a student of mine in the department of English and at that time we knew her simply for her dance skills. Sohini had directed 'Nrittyer o Taaley Taaley' a really extraordinary performance. We have no video recording and so I am speaking from memory. The Principal, Dr Debabrata Chaudhuri, regretted that the programme had been kept for the last, after the NAAC team had given its marks. He felt it might have made a difference to our grading.

Dr Suvankar Chakraborty had another tale to tell about Krishna di the perfectionist. He had been surrounded by students raising a certain demand regarding fees, as is their wont. Some student (or students) needed relief from the fees. As an administrator Dr Chakraborty knew how to deal with the students. He was not paying any particular attention to them. Krishna di was also there in the Principal's room at that point. She became so emotionally charged that her eyes filled with tears. Taking off her large gold bracelets, of the kind worn commonly in that period, she laid them on the principal's table and, in a voice charged equally with anger and tears, said: 'Take this, and use the money to pay the student's fees so that he can take the exam.' This incident became one of the legends of Asutosh college. When we joined college and got to know Krishna di we were able to perfectly correlate the person with the legend.

What I am saying is coming out sometimes in random order. It can't be helped. I might just forget things otherwise. When Dr Suvankar Chakraborty proceeded to Rabindra Bharati University as Vice-Chancellor, Amritava da [ Amritava Bandopadhyay, Political Science] became Teacher-in-Charge. He had earlier been serving as Bursar.

I remember one of the Annual Sports Days. I was waiting in college with Gargi, who had joined our department about four years after me [Gargi Nath, English, who later became Principal of Jogamaya Devi Girls' College]. We were waiting for Amritava da to accompany us to the maidan. This was in the days before college supplied a bus for the purpose. Amritava da was busy with his bursarial duties. However, he emerged and got a taxi immediately, for Hazra crossing in those days used to be full of taxis. Nearing the spot, we could see an event for the male professors – a walking race. In one second or so it seemed Amritava da gave me a hundred-rupee note for the cabbie, dumped his portfolio bag on Gargi, and strode off to join the race. By the time we reached the venue the race was over. Amritava da had secured second position!

Two events now come to mind which, to me at least, brought both joy and sorrow . When Suvankar babu was still Principal a team had come to college from south India as part of a Ford Foundation project. We had put on a cultural programme highlighting the great variety of our musical traditions – Baul, Adhunik, Rabindrasangeet, Bhatiyali. We had sufficient talent among our students. Lunch would be provided in college during the rehearsals. As usual Krishna di was intensely involved in the proceedings, going right down to details of costume. In those days Krishna di used to be very orthodox. She would take no outside food other than that provided by a *mishtir'r dokaan*. There was one opposite, on the Hospital side of the road, exactly

